ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সুশাসন:
## কমিউনিটি মনিটরিং থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও সুপারিশ

**১৮ অক্টোবর ২০২৫**

**সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সুশাসন: কমিউনিটি মনিটরিং থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ**


### উপদেষ্টা

**ড. ইফতেখারুজ্জামান**, *নির্বাহী পরিচালক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*
**ড. সুমাইয়া খায়ের**, *উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

### তত্ত্বাবধান

**মুহাম্মদ বদিউজ্জামান**, *পরিচালক, রিসার্চ অ্যান্ড পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

### প্রতিবেদন প্রণয়ন

**মোহাম্মদ আব্দুল হান্নান সাখিদার**, *রিসার্চ এসোসিয়েট-কোয়ান্টিটেটিভ, গবেষণা ও পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

### প্রতিবেদন সম্পাদনা

**শাহজাদা এম আকরাম**, *সিনিয়র রিসার্চ ফেলো, রিসার্চ অ্যান্ড পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*



### কৃতজ্ঞতা

এ প্রতিবেদনের মূল কৃতিত্ব অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি) সদস্যদের যারা মাঠপর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমিউনিটি মনিটরিংয়ের তথ্য প্যাকট্যাপ-এর মতো একটি বিশেষায়িত অ্যাপের মাধ্যমে সংগ্রহ এবং পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অধিপরার্মশ কার্যক্রম সাফল্যের সাথে সম্পাদন করেছেন। সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর তত্ত্বাবধানে এবং ইয়ুথ এনগেজমেন্ট অ্যান্ড সাপোর্ট (ইয়েস)- সদস্যদের সহযোগিতায় এই কার্যক্রমটি সুচারুভাবে সম্পন্ন হয়েছে। তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক যারা তাঁদের মূল্যবান মতামত, অভিজ্ঞতা ও বিভিন্ন বিষয়ে তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। টিআইবির সিভিক এনগেজমেন্ট বিভাগ, আইটি বিভাগের সহকর্মীদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা, যাদের মতামত ও সহায়তায় প্রতিবেদনটি সমৃদ্ধ হয়েছে। গবেষণা প্রতিবেদনটি পর্যালোচনা ও সম্পাদনা এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য গবেষণা ও পলিসি বিভাগের পরিচালক মুহাম্মদ বদিউজ্জামান, সিনিয়র রিসার্চ ফেলো শাহজাদা এম আকরামের প্রতি কৃতজ্ঞতা। প্রয়োজনীয় দিকনির্দেশনা ও মতামত দিয়ে প্রতিবেদনটিকে সমৃদ্ধ করার জন্য টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, অধ্যাপক ড. সুমাইয়া খায়ের, উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা এবং টিআইবি'র নির্বাহী ব্যবস্থাপনা কমিটির অন্যান্য সদস্যের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রতিবেদনের উপস্থাপনার ওপর মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের মাধ্যমে প্রতিবেদনের উৎকর্ষ সাধনে অবদান রাখার জন্য গবেষণা ও পলিসি বিভাগের অন্যান্য সহকর্মীসহ অন্যান্য বিভাগের সহকর্মীর প্রতি জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।



### যোগাযোগ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার (চতুর্থ ও পঞ্চম লেভেল)
বাড়ি # ৫, সড়ক # ১৬, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোন: (+৮৮০-২) ৪১০২১২৬৭-৭০
ফ্যাক্স: (+৮৮০-২) ৪১০২১২৭২
ই-মেইল: info@ti-bangladesh.org
ওয়েবসাইট: https://www.ti-bangladesh.org

# সূচিপত্র


মুখবন্ধ ........ ৬
প্রথম অধ্যায় ........ ৭
ভূমিকা ........ ৭
১.১ প্রেক্ষাপট ও যৌক্তিকতা ........ ৭
১.২ কমিউনিটি মনিটরিংয়ের উদ্দেশ্য ........ ৭
১.৩ কমিউনিটি মনিটরিংয়ের জন্য বিদ্যালয় নির্বাচন প্রক্রিয়া ........ ৮
১.৪ কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ ও অধিপরামর্শ কার্যক্রম ........ ৮
১.৫ প্রতিবেদনের উদ্দেশ্য ........ ৯
১.৬ কমিউনিটি মনিটরিংয়ের পরিধি ও সময়কাল ........ ৯
১.৭ গবেষণায় ব্যবহৃত তথ্য ........ ৯
২.১ তথ্য প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ ........ ৯
২.২ প্রতিবেদনের কাঠামো ........ ৯
দ্বিতীয় অধ্যায় ........ ১০
মনিটরিংয়ের আওতাভুক্ত বিদ্যালয়সমূহের প্রাথমিক তথ্য ........ ১০
তৃতীয় অধ্যায় ........ ১১
চিহ্নিত সমস্যা ও সমাধানের হার ........ ১১
চতুর্থ অধ্যায় ........ ১৩
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রেডিং পদ্ধতির পর্যালোচনা ........ ১৩
৪.১ গ্রেডভিত্তিক বিদ্যালয়ের সমস্যা বিশ্লেষণ ........ ১৩
৪.২ গ্রেড নির্ধারণের কাঠামো ........ ১৩
৪.৩ মৌলিক সুবিধার অবমূল্যায়ন ........ ১৪
৪.৪ অবকাঠামো ও মৌলিক সুবিধাসমূহের ক্ষেত্রে ন্যূনতম স্কোর প্রাপ্তির বাধ্যবাধকতা না থাকা ........ ১৪
পঞ্চম অধ্যায় ........ ১৫
উল্লেখযোগ্য কয়েকটি সমস্যার পর্যালোচনা ........ ১৫
৫.১ শিক্ষক সংকট ........ ১৫
৫.১.১ শিক্ষক সংকটের কারণ ........ ১৬
৫.২ অপর্যাপ্ত/ ঝুঁকিপূর্ণ অবকাঠামো ও সুযোগ-সুবিধা ........ ১৬
৫.২.১ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, ভবন, মাঠ ও সীমানা প্রাচীর ........ ১৭
৫.২.২ ওয়াশ, স্যানিটেশন ও খাবার পানি ........ ১৮
৫.২.৩ ডিজিটাল সরঞ্জাম ........ ১৯
৫.২.৪ অবকাঠামো ও সুযোগ-সুবিধা সম্পর্কিত সমস্যা সমাধানে গৃহীত উদ্যোগ ও অন্তরায় ........ ১৯
৫.৩ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো ও সুযোগ-সুবিধা ........ ২০
৫.৩.১ বিদ্যমান চিত্র ........ ২০
৫.৩.২ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো উন্নয়নের সফল উদ্যোগ ........ ২১
৫.৩.৩ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো সমস্যা সমাধানে দীর্ঘসূত্রতা ও প্রতিবন্ধকতা ........ ২১
৫.৪ পরিচ্ছন্নতার ঘাটতি ........ ২২
৫.৫ শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি ........ ২৩
৫.৫.১ শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা রোধে স্থানীয় পর্যায়ে গৃহীত উদ্যোগ ........ ২৪
৫.৬ অকার্যকর ব্যবস্থাপনা কমিটি ........ ২৪
৫.৬.১ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সক্রিয়তা বৃদ্ধির উদ্যোগ ........ ২৫
৫.৭ অনিয়ম ও দুর্নীতি ........ ২৫
৫.৭.১ শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়: সমাধানের দৃষ্টান্ত ........ ২৫
৫.৮ অকার্যকর অভিযোগ প্রতিকার ব্যবস্থা ........ ২৬
৫.৮.১ অভিযোগ ব্যবস্থাপনায় কার্যকর উদ্যোগ ........ ২৬
৫.৮.২ অভিযোগ ব্যবস্থার অকার্যকারিতার পেছনের অন্তরায় ........ ২৬
ষষ্ঠ অধ্যায় ........ ২৭

উপসংহার ও সুপারিশ ........................................................................................................................ ২৭
৬.১ উপসংহার ........................................................................................................................ ২৭
৬.২ সুপারিশমালা ........................................................................................................................ ২৭
৬.২.১ *গ্রেড নির্ধারণ* ........................................................................................................................ ২৭
৬.২.২ *অবকাঠামোগত সুযোগ-সুবিধা* ........................................................................................................................ ২৮
৬.২.৩ *শিক্ষক সংকট নিরসন* ........................................................................................................................ ২৮
৬.২.৪ *শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা রোধ* ........................................................................................................................ ২৮
৬.২.৫ *পরিচ্ছন্নতার ঘাটতি নিরসন* ........................................................................................................................ ২৮
৬.২.৬ *কার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি)* ........................................................................................................................ ২৮
৬.২.৭ *কর্তৃপক্ষের তদারকি* ........................................................................................................................ ২৮
পরিশিষ্ট ........................................................................................................................ ৩০
পরিশিষ্ট-১: মৌলিক অবকাঠামো/সুযোগ-সুবিধাহীন ‘এ’ গ্রেডের বিদ্যালয়ের কয়েকটি উদাহরণ ........................................ ৩০
পরিশিষ্ট ২: সুপেয় পানির ব্যবস্থা নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩১
পরিশিষ্ট ৩ক: আংশিক বা সবগুলো শ্রেণিকক্ষ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩২
পরিশিষ্ট ৩খ: বিদ্যালয় ভবন-সংলগ্ন অবকাঠামো ঝুকিপূর্ন অবস্থায় রয়েছে এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩৩
পরিশিষ্ট ৪: ওয়াশ ব্লক নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩৪
পরিশিষ্ট ৫: নারী শিক্ষকদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩৫
পরিশিষ্ট ৬: মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা শৌচাগারের ব্যবস্থা নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩৭
পরিশিষ্ট ৭: প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য র‍্যাম্প নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৩৮
পরিশিষ্ট ৮: প্রতিবন্ধিবান্ধব শৌচাগার নেই এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৪০
পরিশিষ্ট ৯: শ্রেণিকক্ষে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৩০ এর বেশি এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৪২
পরিশিষ্ট ১০: সীমানা প্রাচীর নেই বা থাকলেও যথাযথ নয় এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৪৪
পরিশিষ্ট ১১: কর্মরত শিক্ষকের সংখ্যা ৬ জনের কম এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৪৯
পরিশিষ্ট ১২: শিক্ষার্থীর তুলনায় অনুমোদিত শিক্ষক পদের সংখ্যা কম এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৫০
পরিশিষ্ট ১৩: কমপক্ষে একটি শিক্ষক পদ শূন্য রয়েছে এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৫১
পরিশিষ্ট ১৪: অনিয়মের অভিযোগ পাওয়া গেছে এমন বিদ্যালয়ের তালিকা ........................................ ৫২
পরিশিষ্ট ১৫: কমিউনিটি মনিটরিংয়ের জন্য নির্বাচিত ১৩০টি বিদ্যালয়ের তালিকা ........................................ ৫৪

## সারণির তালিকা

সারণি ১: বিদ্যালয়ের অন্তর্ভুক্তির সময়, বিভাগ ও গ্রেডভিত্তিক বণ্টন ........................................ ১০
সারণি ২: বিদ্যালয়ভিত্তিক শিক্ষক ও শিক্ষার্থী সংখ্যা ........................................ ১০
সারণি ৩: চিহ্নিত সমস্যা ও তা সমধানের হার ........................................ ১১
সারণি ৪: বিদ্যালয়ের গ্রেড অনুযায়ী গড় সমস্যা ও তার পরিসীমা ........................................ ১৩
সারণি ৫: শ্রেণিবিভাগ বা ক্ষেত্রগুলো এবং তাদের অধীনে নির্দেশকের সংখ্যা ও মোট মান ........................................ ১৪
সারণি ৫: ব্যবহৃত শ্রেণিকক্ষ ও শ্রেণিকক্ষপ্রতি শিক্ষার্থী সংক্রান্ত তথ্য ........................................ ১৭
সারণি ৬: শৌচাগার ও পানীয় জলের সুবিধা সংক্রান্ত তথ্য ........................................ ১৮
সারণি ৭: অবকাঠামোগত বিভিন্ন সুযোগ-সুবিধার ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক মানের সাথে মনিটরিংয়ের অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলোর তুলনামূলক চিত্র ........................................ ২০

## চিত্রের তালিকা

চিত্র ১: বিদ্যালয়ভিত্তিক চিহ্নিত সমস্যার বিন্যাস ........................................ ১২
চিত্র ২: বিদ্যালয়ের গ্রেড অনুযায়ী সমস্যার বিন্যাস ........................................ ১৩
চিত্র ৩: বিদ্যালয়ে কর্মরত শিক্ষক বিন্যাস ........................................ ১৫
চিত্র ৪: শিক্ষক-শিক্ষার্থী অনুপাত অনুযায়ী বিদ্যালয়ের বিন্যাস ........................................ ১৬
চিত্র ৫: অনুমোদিত পদের বিপরীতে শূন্য পদের বিন্যাস ........................................ ১৬

চিত্র ৬: কয়েকটি বিদ্যালয়ের বাস্তবচিত্র ........ ১৮
চিত্র ৭: বিদ্যালয়গুলোতে বিদ্যমান প্রতিবন্ধিবান্ধব সুযোগ-সুবিধার চিত্র ........ ২১
চিত্র ৮: পরিচ্ছন্নতার ঘাটতির পেছনে চিহ্নিত কারণ ........ ২২
চিত্র ৯: শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির পেছনে চিহ্নিত কারণ ........ ২৩
চিত্র ১০: অকার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি: চিহ্নিত কারণসমূহের বিন্যাস ........ ২৪

# মুখবন্ধ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) তার সার্বিক কর্যক্রম হিসেবে পাঁচ বছর মেয়াদী (জানুয়ারি ২০২২ - ডিসেম্বর ২০২৬) 'পার্টিসিপেটরি অ্যাকশন অ্যাগেইনস্ট করাপশন: টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (প্যাক্টা)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের অধীনে স্থানীয় পর্যায়ে নাগরিক সম্পৃক্ততা কর্মসূচির অংশ হিসেবে শিক্ষা, স্বাস্থ্য, ভূমি, পরিবেশ ও নির্মাণ খাতের সেবা প্রদান পর্যায়ে নাগরিক পরিবীক্ষণের (কমিউনিটি মনিটরিং) জন্য দেশের ৪৫টি অঞ্চলে টিআইবি'র অনুপ্রেরণায় কর্মরত সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর তত্ত্বাবধানে এবং ইয়ুথ এনগেজমেন্ট অ্যান্ড সাপোর্ট (ইয়েস)-এর সহযোগিতায় স্থানীয় সেবাগ্রহীতাদের (নারী-পুরুষ, যুব, পেশাজীবী, প্রান্তিক জনগোষ্ঠী) অংশগ্রহণে অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি) গঠন করা হয়েছে। মোবাইল অ্যাপ-ভিত্তিক কমিউনিটি মনিটরিংয়ের লক্ষ্য গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান সুশাসন-কেন্দ্রিক সমস্যাসমূহ চিহ্নিত করা, সমস্যা সমাধানে সুপারিশ প্রণয়ন করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সম্পৃক্ত থেকে সেবার মান উন্নয়ন এবং দুর্নীতি হ্রাসে কার্যকর উদ্যোগ গ্রহণ করা।

বাংলাদেশের প্রাথমিক শিক্ষাব্যবস্থা একটি মৌলিক ও গুরুত্বপূর্ণ খাত, যা ভবিষ্যৎ প্রজন্মের দক্ষতা, মূল্যবোধ ও নাগরিকত্ব গঠনে মূল ভূমিকা পালন করে। এই প্রতিবেদনে দেশের বিভিন্ন জেলার ৪৩টি উপজেলার প্রায় ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমিউনিটি মনিটরিং কার্যক্রমের তথ্য উপস্থাপিত হয়েছে। ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এসব বিদ্যালয়ে মোট ২০ ধরনের ৮৩০টির বেশি সমস্যা চিহ্নিত হয়েছে যার মধ্যে স্থানীয় প্রচেষ্টায় ১৮১টি (২১.৮%) সমস্যার সমাধান হয়েছে। মনিটরিংয়ে দেখা গেছে, অনেক বিদ্যালয়ে অপর্যাপ্ত/ঝুঁকিপূণ অবকাঠামো ও সুযোগ-সুবিধা এবং শিক্ষক সংকট বিদ্যমান, ওয়াশ ব্লক কার্যকর নয়, এবং প্রতিবন্ধীবান্ধব অবকাঠামো ও মেয়েদের জন্য পৃথক শৌচাগার অনুপস্থিত। একইসাথে বিদ্যালয় ব্যবস্থাপনায় অভিভাবক ও স্থানীয় জনগণের অংশগ্রহণ সীমিত এবং ব্যবস্থাপনা কমিটি আশানুরূপ কার্যকর নয় বলে চিহ্নিত হয়েছে।

মনিটরিংয়ের অন্তর্ভুক্ত প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিদ্যমান সমস্যাগুলোর মধ্যে কিছু সমস্যার সমাধানে ইতিবাচক অগ্রগতি লক্ষ করা গেছে। এই সাফল্যের পেছনে ছিল ধারাবাহিক অধিপরামর্শ সভা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও স্থানীয় প্রশাসনের কার্যকর সমন্বয়, এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও সচেতন অভিভাবকদের সক্রিয় অংশগ্রহণ। অন্যদিকে, অনেক বিদ্যালয়ে এখনো কিছু সমস্যার সমাধান হয়নি, যার পেছনে রয়েছে বাজেট বরাদ্দের ঘাটতি, প্রশাসনিক সমন্বয়হীনতা, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কাযক্রমের ধীরগতি, দুর্বল তদারকি ও কখনো কখনো অর্থের অপব্যবহার। এই প্রতিবেদনে চিহ্নিত সমস্যার সমাধান ও সেবার মান উন্নয়নে নীতিগত ও প্রাতিষ্ঠানিক পরিবর্তনের লক্ষ্যে সুপারিশসমূহ প্রণয়ন করা হয়েছে। এই প্রক্রিয়াটি শুধুমাত্র সমস্যা চিহ্নিতকরণের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং নাগরিক পরিবীক্ষণের মাধ্যমে স্থানীয় পর্যায় থেকে সমস্যা সমাধানের পাশাপাশি জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠান-ভিত্তিক তথ্য-নির্ভর অধিপরামর্শের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার একটি সমন্বিত প্রয়াস।

এই প্রতিবেদনে উপস্থাপিত তথ্য, বিশ্লেষণ ও সুপারিশসমূহ বাংলাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রমে দুর্নীতি হ্রাস এবং সর্বোপরি শুদ্ধাচার নিশ্চিতে সংশ্লিষ্ট বিদ্যালয়, নীতি-নির্ধারক এবং অংশীজনের জন্য সহায়ক হবে বলে আমাদের বিশ্বাস। প্রতিবেদনটির পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধনে পাঠকদের পরামর্শ সাদরে গৃহীত হবে।

এ প্রতিবেদনের মূল কৃতিত্ব এসিজি সদস্যদের যারা মাঠপর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমিউনিটি মনিটরিং-এর তথ্য প্যাকট্যাপ-এর মতো একটি বিশেষায়িত অ্যাপের মাধ্যমে সংগ্রহ এবং পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অধিপরার্মশ কার্যক্রম সাফল্যের সাথে সম্পাদন করেছেন। সনাকের তত্ত্বাবধানে এবং ইয়েস সদস্যদের সহযোগিতায় এই কার্যক্রমটি সুচারুভাবে সম্পন্ন হয়েছে। তাদের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা। ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই এই গবেষণায় অংশগ্রহণকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অভিভাবকদের যারা তথ্য প্রদান করে এসিজি এবং সনাক সদস্যদের সহায়তা করেছেন। প্রতিবেদনটি প্রণয়ন করেছেন টিআইবি'র গবেষক মোহাম্মদ আব্দুল হান্নান সাখিদার এবং প্রতিবেদন পর্যালোচনা ও পরিমার্জনে সহায়তা করেছেন সিনিয়র রিসার্চ ফেলো শাহজাদা এম আকরাম। তাদেরকে আমার আন্তরিক ধন্যবাদ। টিআইবির সিভিক এনগেজমেন্ট বিভাগের পরিচালক ফারহানা রহমানসহ এই বিভাগের কো-অর্ডিনেটর, ক্লাস্টার কো- অর্ডিনেটর ও এরিয়া কো-অর্ডিনেটরদের বিশেষ ধন্যবাদ যারা মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ, তথ্যর গুণগত মান নিশ্চিত এবং প্রতিবেদন প্রণয়নের বিভিন্ন স্তরে মতামত প্রদান করে প্রতিবেদনের মানোন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। এছাড়াও কৃতজ্ঞতা জানাই টিআইবির আইটি বিভাগের সদস্যদের যারা প্যাকট্যাপ-এর মাধ্যমে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সার্বিক সহায়তা করেছেন। প্রতিবেদন প্রণয়নের বিভিন্ন স্তরে মতামত ও গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদানের জন্য টিআইবির উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা অধ্যাপক ড. সুমাইয়া খায়ের, ও রিসার্চ অ্যান্ড পলিসি বিভাগের পরিচালক মুহাম্মদ বদিউজ্জামানের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**ইফতেখারুজ্জামান**
নির্বাহী পরিচালক

# প্রথম অধ্যায়
# ভূমিকা

## ১.১ প্রেক্ষাপট ও যৌক্তিকতা

সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষা খাত, বিশেষ করে প্রাথমিক শিক্ষা, একটি মৌলিক ও অত্যন্ত গুরুত্বপূর্ণ খাত হিসেবে বিবেচিত। একটি দেশের ভবিষ্যৎ প্রজন্মের বুদ্ধিবৃত্তিক বিকাশ, মূল্যবোধ, দায়িত্ববোধ ও সচেতনতা গঠনের ভিত্তি স্থাপিত হয় প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে। সাম্প্রতিক বছরগুলোতে প্রাথমিক শিক্ষা খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যেমন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগে একীভূত নিয়োগনীতি গ্রহণ, ২০১৮ সালে জাতীয়করণকৃত রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়গুলোর সরকারি ঘোষণা, অধিকাংশ বিদ্যালয়ে বিদ্যমান অবকাঠামোর উন্নয়ন, ডিজিটাল শিক্ষা সামগ্রী সরবরাহ, বছরের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ এবং শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা। এছাড়া প্রাথমিক শিক্ষা পদক এবং শিক্ষার্থীদের উপস্থিতি ও পুষ্টি নিশ্চিতে পাইলট ভিত্তিতে মিড-ডে মিল চালু এবং দরিদ্র শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বিতরণ করে সরকার ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করেছে।

তবে এর পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামোগত দুর্বলতা, শিক্ষক স্বল্পতা এবং দুর্নীতির উদাহরণ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবেদন এবং সংবাদমাধ্যমে নিয়মিতভাবে উঠে এসেছে। বাংলাদেশের অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত শ্রেণিকক্ষ, স্বাস্থ্যসম্মত শৌচাগার ও নিরাপদ পানি সুবিধার অভাব রয়েছে, যা শিক্ষার মান এবং শিক্ষার্থীদের উপস্থিতিতে সরাসরি প্রভাব ফেলে।[১] এছাড়া বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিতে স্বজনপ্রীতি, বাজেট ব্যবস্থাপনায় দুর্নীতি এবং ভর্তি কিংবা বৃত্তি প্রদানে অতিরিক্ত অর্থ আদায়ের মতো অনিয়ম বিদ্যমান, যা শিক্ষাব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহির ঘাটতির প্রতিফলন।[২] আরও উদ্বেগজনক বিষয় হলো, সরকারি অনুমোদন ও বাজেট বরাদ্দ থাকা সত্ত্বেও অনেক বিদ্যালয়ে মৌলিক অবকাঠামো নির্মাণে বিলম্ব, মানহীন কাজ এবং তদারকির অভাবে প্রকল্প ব্যর্থতার নজির রয়েছে।[৩]

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) কার্যক্রমের মধ্যে শিক্ষা একটি অন্যতম খাত। এ  ক্ষেত্রে গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রমের পাশাপাশি স্থানীয় পর্যায়ে সনাকের মাধ্যমে টিআইবি দীর্ঘদিন ধরে শিক্ষা প্রতিষ্ঠানের সেবা, সুশাসন নিশ্চিত করা ও দুর্নীতি প্রতিরোধ নিয়ে কাজ করে আসছে। এই প্রেক্ষাপটে, প্রাথমিক শিক্ষাকে আরওমানসম্পন্ন , অন্তর্ভুক্তিমূলক তথা ফলপ্রসূ করার লক্ষ্যে স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে এবং স্বচ্ছতা ও জবাবদিহির পরিবেশ গড়ে তুলতে টিআইবি 'পার্টিসিপেটরি অ্যাকশন এগেইনস্ট করাপশন টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (প্যাকটা)' প্রকল্পের আওতায়সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মনিটরিং কার্যক্রম বাস্তবায়ন করছে।

এই মনিটরিং প্রক্রিয়ায় সচেতন নাগরিক কমিটি (সনাক) এবং ইউথ এনগেজমেন্ট অ্যান্ড সাপোর্ট (ইয়েস)-এর সহায়তায় অ্যাক্টিভ সিটিজেনস গ্রুপের (এসিজি) সদস্যরা নির্ধারিত বিদ্যালয়গুলোতে নিয়মিত তথ্য সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে অধিপরার্মশমূলক কার্যক্রম ও সমাধানের কাজ করছেন। কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে শিক্ষকের অনুপস্থিতি, অনিয়মিত পাঠদান, অবকাঠামোগত সমস্যা, বিদ্যালয় পরিচালনা কমিটির অকার্যকরতা, তথ্য প্রকাশে স্বচ্ছতার অভাব, দুর্নীতির প্রবণতা ইত্যাদি নানা বিষয় চিহ্নিত করা সম্ভব হচ্ছে। এই অংশগ্রহণমূলক প্রক্রিয়া স্থানীয় জনগণের সম্পৃক্ততার মাধ্যমে বিদ্যালয় ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিতে ও জাতীয় পর্যায়ে নীতিগত প্রভাব সৃষ্টিতে কার্যকর ভূমিকা রাখে।

## ১.২ কমিউনিটি মনিটরিংয়ের উদ্দেশ্য

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কমিউনিটি মনিটরিংয়ের প্রধান উদ্দেশ্য সংশ্লিষ্ট বিদ্যালয়ে সেবার মান উন্নয়ন ও সমস্যা সমাধানে সহায়তার জন্য তথ্যভিত্তিক উদ্যোগ গ্রহণ।

কমিউনিটি মনিটরিংয়ের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো -

১. বিদ্যালয় বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সেবাদানের প্রক্রিয়ায় কোথায়, কী ধরনের সমস্যা রয়েছে তা সুনির্দিষ্টভাবে নিরূপণ করা;

---

[১] UNICEF. (2020). *Bangladesh education fact sheets 2020*. United Nations Children's Fund (UNICEF). https://www.unicef.org/bangladesh/en/reports/bangladesh-education-fact-sheets-2020

[২] Transparency International Bangladesh. (2014). *Corruption in the education sector in Bangladesh*. https://www.ti-bangladesh.org/research/EducationSector2014.pdf

[৩] The Daily Star. (2022, June 12). *Lack of oversight leads to substandard school infrastructure projects*. https://www.thedailystar.net/opinion/news/lack-oversight-leads-substandard-school-infrastructure-projects-3042701

২. চিহ্নিত সমস্যাগুলোর সমাধানে সংশ্লিষ্ট সেবাদানকারী কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান বা কমিটির সঙ্গে অংশগ্রহণমূলক পদ্ধতিতে কাজ করা এবং বাস্তবভিত্তিক পরিবর্তন আনা; এবং
৩. মাঠপর্যায়ের তথ্য ও প্রমাণ সংগ্রহ করে তা বিশ্লেষণের মাধ্যমে জাতীয় ও স্থানীয় পর্যায়ে কার্যকর নীতিগত পরিবর্তন সাধনে সহায়তা করা।

## ১.৩ কমিউনিটি মনিটরিংয়ের জন্য বিদ্যালয় নির্বাচন প্রক্রিয়া

সনাক এবং ইয়েস সদস্যদের যৌথ উদ্যোগে কমিউনিটি মনিটরিংয়ের জন্য প্রাথমিক বিদ্যালয় নির্বাচন একটি সুনির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয়। এই প্রক্রিয়ার প্রথমেই সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে পূর্ব আলোচনার ভিত্তিতে বিদ্যালয়ের গ্রেড অনুযায়ী একটি তালিকা প্রস্তুত করা হয়। সাধারণত 'বি' এবং 'সি' গ্রেডপ্রাপ্ত বিদ্যালয়গুলোকে অগ্রাধিকার ভিত্তিতে মনিটরিংয়ের জন্য নির্বাচন করা হয়, কারণ এসব বিদ্যালয়ে অবকাঠামোগত দুর্বলতা, শিক্ষার মানের ঘাটতি এবং সুশাসন সংক্রান্ত বিভিন্ন সমস্যা বেশি পরিলক্ষিত হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ক্ষেত্রবিশেষে কিছু 'এ' গ্রেডের বিদ্যালয়ও মনিটরিংয়ের আওতায় আনা হয়, বিশেষ করে যেখানে বাহ্যিকভাবে অবকাঠামোগত সংকট, মৌলিক সুযোগ-সুবিধার ঘাটতি এবং প্রশাসনিক সুশাসনের চ্যালেঞ্জ স্পষ্টভাবে প্রতীয়মান হয়। এই নির্বাচন প্রক্রিয়ায় স্থানীয় প্রেক্ষাপট ও বাস্তবতা বিবেচনা করা হয়।

## ১.৪ কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ ও অধিপরামর্শ কার্যক্রম

বাংলাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর কার্যক্রমে সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণে একটি কাঠামোবদ্ধ মনিটরিং প্রক্রিয়া অনুসরণ করা হয়। এ প্রক্রিয়ার ধাপগুলো নিচে বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হলো।

**এসিজি গঠন ও প্রশিক্ষণ:** নির্দিষ্ট অঞ্চলে নির্বাচিত প্রতিটি বিদ্যালয়কেন্দ্রিক স্থানীয় সেবাগ্রহীতা বিশেষ করে শিক্ষার্থীদের অভিভাবক বিশেষ করে নারী, যুব ও প্রান্তিক জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে এসিজি গঠন করা হয়। এসিজির সদস্যরা টিআইবির সহযোগিতায় প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে বিদ্যালয় মনিটরিংয়ে অংশগ্রহণ করেন।

**'প্যাক্ট্যাপ'-এর ব্যবহার:** বিদ্যালয় পর্যবেক্ষণে 'প্যাক্ট্যাপ' নামক মোবাইল ফোন ভিত্তিক একটি ডিজিটাল টুল ব্যবহার করা হয়, যেখানে বিদ্যালয় সম্পর্কিত সংগৃহীত তথ্য সরাসরি এন্ট্রি দেওয়া হয় এবং টিআইবির নিজস্ব সার্ভারে তা জমা হয়।

**তথ্য সংগ্রহ, এন্ট্রি ও হালনাগাদকরণ প্রক্রিয়া**

- বিদ্যালয় নির্বাচনের পর এসিজির সদস্যরা সর্বপ্রথম বিদ্যালয় পরিদর্শন করেন। এ সময় তারা বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীর সংখ্যা, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, বিভিন্ন অবকাঠামো ও সুযোগ-সুবিধার উপস্থিতি সংক্রান্ত প্রাথমিক তথ্য সংগ্রহ করেন। এসব তথ্যর যথার্থতা নিশ্চিতে সংশ্লিষ্ট এরিয়া কো-অর্ডিনেটর কর্তৃক যাচাই-বাছাই শেষে অনুমোদন প্রদান করে।
- এরিয়া কো-অর্ডিনেটর থেকে অনুমোদন পাওয়ার পর সাধারণত এক থেকে দুই মাসের মধ্যে উক্ত বিদ্যালয়ে মনিটরিং কার্যক্রম শুরু হয়। এ সময় এসিজির সদস্যরা বিদ্যালয়ে বিদ্যমান সমস্যাসমূহ, সমস্যার কারণ এবং সম্ভাব্য সমাধান চিহ্নিত করার চেষ্টা করেন। তারা একটি নির্ধারিত প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ করেন। শিক্ষকদের উপস্থিতি, পাঠদান কার্যক্রম, অবকাঠামোগত অবস্থা ও সেবা প্রদানের পদ্ধতি ইত্যাদি বিষয়গুলো এ পর্যবেক্ষণের আওতায় পড়ে।
- এর পাশাপাশি স্থানীয় জনগণের অংশগ্রহণে কমিউনিটি অ্যাকশন সভা, গণশুনানি, মা-সমাবেশ/ অভিভাবক সমাবেশ/ নাগরিক সমাবেশ আয়োজনের মাধ্যমে বিদ্যালয়ের সুশাসনের ঘাটতি ও নানাবিধ সীমাবদ্ধতা চিহ্নিত করা হয়। এসব তথ্যও টিআইবির এরিয়া কো-অর্ডিনেটর যাচাই-বাছাই করে এবং যথার্থতা নিশ্চিত করে অনুমোদন প্রদান করে।
- প্রতি মাসে মনিটরিংকৃত বিদ্যালয়গুলো পুনরায় পরিদর্শন করা হয়। এতে চিহ্নিত সমস্যাগুলোর সমাধান হয়েছে কিনা তা যাচাই করা হয় এবং নতুন কোনো সমস্যা দেখা দিলে তা পুনরায় নথিভুক্ত করা হয়।

**স্থানীয় কর্তৃপক্ষের সাথে অধিপরামর্শ:** এ পর্যায়ে পর্যবেক্ষণের ফলাফলের ভিত্তিতে এসিজির সদস্যরা সনাকের সহায়তায় স্থানীয় শিক্ষা বিভাগ, উপজেলা শিক্ষা অফিসার, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) ও সংশ্লিষ্ট প্রশাসনের সঙ্গে বৈঠক ও অধিপরামর্শ করেন। লিখিত সুপারিশ, অফিসিয়াল মেইল, বৈঠক ও ফলোআপ আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ গ্রহণে উদ্বুদ্ধ করা হয়।

**কেন্দ্রীয় কর্তৃপক্ষের সাথে অধিপরামর্শ:** যেসব সমস্যার স্থানীয়ভাবে সমাধান সম্ভব নয় বা দীর্ঘস্থায়ী হয়, সেগুলো সনাক ও টিআইবির মাধ্যমে জেলা বা জাতীয় পর্যায়ে প্রেরণ করা হয়। জাতীয় পর্যায়ে টিআইবি এই সমস্যাগুলো নীতিমালা সংস্কার ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে প্রমাণস্বরূপ ব্যবহার করে।

## ১.৫ প্রতিবেদনের উদ্দেশ্য

এই প্রতিবেদনের উদ্দেশ্য হচ্ছে -

- কমিউনিটি মনিটরিংয়ের অন্তর্ভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর বিদ্যমান সমস্যাগুলোর ধরন বিশ্লেষণ করা;
- স্থানীয় পর্যায়ে গৃহীত উদ্যোগের ভিত্তিতে বিদ্যালয়ে চিহ্নিত সমস্যাগুলোর সমাধানের হার এবং সমাধান না হওয়া সমস্যাগুলোর কারণ বিশ্লেষণ করা; এবং
- বিদ্যালয়ের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাস্তবভিত্তিক ও প্রয়োগযোগ্য সুপারিশ প্রদান করা।

## ১.৬ কমিউনিটি মনিটরিংয়ের পরিধি ও সময়কাল

মনিটরিংয়ের উদ্দেশ্যে ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত আটটি বিভাগের ৪৩টি জেলার ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্বাচন করা হয়। ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এসব বিদ্যালয়ের কমিউনিটি মনিটরিং হতে প্রাপ্ত তথ্য এ প্রতিবেদনের জন্য বিবেচনা করা হয়েছে।

## ১.৭ গবেষণায় ব্যবহৃত তথ্য

এই প্রতিবেদনে কমিউনিটি মনিটরিংয়ের অন্তর্ভুক্ত ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওপর প্যাক্ট্যাপ-এর মাধ্যমে সংগৃহীত ২৮ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত হালনাগাদকৃত তথ্য ব্যবহৃত হয়েছে। এছাড়া পরবর্তীতে গুগল শিটের মাধ্যমে চিহ্নিত বিভিন্ন সমস্যার কারণ, কোন ধরনের সমস্যা কীভাবে সমাধান হয়েছে এবং যেসব সমস্যা এখনো সমাধান হয়নি সেগুলোর কারণসমূহ বিস্তারিতভাবে মাঠ পর্যায় থেকে সংগ্রহ করা হয়েছে। এসব সংগৃহীত তথ্য গবেষক কর্তৃক যাচাই-বাছাই করা হয়েছে। কোনো তথ্য অসঙ্গতিপূর্ণ মনে হলে মাঠপর্যায়ে সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করে পুনরায় তথ্যের মান যাচাই করে তথ্যের নির্ভুলতা নিশ্চিত করা হয়েছে এবং হালনাগাদ করা হয়েছে। উল্লেখ্য, বিদ্যালয়গুলোর প্রাথমিক তথ্য বিশ্লেষণে যেসব সমস্যা চিহ্নিত হয়েছিল তার কিছু কিছু সমস্যা পরবর্তীতে কমিউনিটির নিয়মিত মনিটরিংয়ে প্রতিফলিত হয়নি। এর অন্যতম কারণ হলো বিদ্যালয়ভেদে এসিজির সদস্যরা তাদের দৃষ্টিকোণ থেকে কিছু সমস্যাকে তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করেছেন এবং সেসব সমস্যাগুলোকেই অ্যাপে এন্ট্রি দিয়েছেন। এই পরিপ্রেক্ষিতে, উভয় উৎস থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণের ভিত্তিতে এই প্রতিবেদনে বিদ্যালয়গুলোতে বিদ্যমান সমস্যাসমূহকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা হয়েছে।

## ২.১ তথ্য প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ

এ পর্যবেক্ষণে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াজাতকরণের মূল কাজ ছিল ডেটা ক্লিনিংয়ের মাধ্যমে প্রাপ্ত তথ্য সমূহের বিভিন্ন অসামঞ্জস্যতা দূর করা। এরপর STATA এবং Excel সফটওয়্যার ব্যবহার করে কমিউনিটি মনিটরিংয়ের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। কমিউনিটি মনিটরিংয়ের তথ্য বিশ্লেষণ টিআইবির নিজস্ব গবেষণা দলের দ্বারা সম্পন্ন হয়েছে।

## ২.২ প্রতিবেদনের কাঠামো

এই প্রতিবেদনের প্রথম অধ্যায়ে কমিউনিটি মনিটরিংয়ের প্রেক্ষাপট ও যৌক্তিকতা, উদ্দেশ্য, পরিধি, মনিটরিংয়ের জন্য বিদ্যালয় নির্বাচন প্রক্রিয়া, বিদ্যালয় মনিটরিং পদ্ধতি, তথ্যের মান নিয়ন্ত্রণ ইত্যাদি সম্পর্কে এবং দ্বিতীয় অধ্যায়ে মনিটরিংয়ের আওতাভুক্ত বিদ্যালয়সমূহের কিছু প্রাথমিক তথ্য আলোচনা করা হয়েছে। তৃতীয় অধ্যায়ে সার্বিকভাবে বিদ্যালয়সমূহ থেকে চিহ্নিত সমস্যার সংখ্যা ও ধরন এবং ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এসব সমস্যার সমাধানের হার উপস্থাপন করা হয়েছে। চতুর্থ অধ্যায়ে বিদ্যালয়ভিত্তিক ও গ্রেডভিত্তিক সমস্যা বিশ্লেষণ ও বিদ্যালয়ের গুণগত মান অনুযায়ী প্রচলিত গ্রেডিং পদ্ধতির বিশ্লেষণ করা হয়েছে। পঞ্চম অধ্যায়ে কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যার ওপর বিস্তারিত বিশ্লেষণ তুলে ধরা হয়েছে। ষষ্ঠ অধ্যায়ে উপসংহার ও প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সুপারিশমালা উপস্থাপন করা হয়েছে।

## মনিটরিংয়ের আওতাভুক্ত বিদ্যালয়সমূহের প্রাথমিক তথ্য

প্রাথমিক বিদ্যালয় মনিটরিং কার্যক্রমের উদ্দেশ্যে নির্বাচন করা বিদ্যালয়গুলোর প্রাথমিক উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় মনিটরিং কার্যক্রমে ২০২৩ সালে ১০৬টি (৮১.৫%) এবং ২০২৪ সালে ২৪টি (১৮.৫%) - মোট ১৩০টি বিদ্যালয় যুক্ত করা হয়। এর মধ্যে চট্টগ্রাম (১৯.২%) এবং ঢাকা (১৬.২%) বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক বিদ্যালয় অন্তর্ভুক্ত হয়েছে। এদের পরেই রয়েছে রংপুর (১৩.৯%), বরিশাল (১২.৩%), খুলনা (১৫.৪%) ও রাজশাহী (৯.২%)। ময়মনসিংহ ও সিলেট বিভাগ থেকে ৬.৯% করে বিদ্যালয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**সারণি ১: বিদ্যালয়ের অন্তর্ভুক্তির সময়, বিভাগ ও গ্রেডভিত্তিক বন্টন**

| | বিদ্যালয়ের সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| **বছর অনুযায়ী বিদ্যালয়ের অন্তর্ভুক্তি** | | |
| ২০২৩ | ১০৬ | ৮১.৫ |
| ২০২৪ | ২৪ | ১৮.৫ |
| **বিভাগভিত্তিক বন্টন** | | |
| বরিশাল | ১৬ | ১২.৩ |
| চট্টগ্রাম | ২৫ | ১৯.২ |
| ঢাকা | ২১ | ১৬.২ |
| খুলনা | ২০ | ১৫.৪ |
| ময়মনসিংহ | ৯ | ৬.৯ |
| রাজশাহী | ১২ | ৯.২ |
| রংপুর | ১৮ | ১৩.৯ |
| সিলেট | ৯ | ৬.৯ |
| **সরকার নির্ধারিত গ্রেড অনুযায়ী বিদ্যালয়ের ধরন** | | |
| গ্রেড ‘এ’ | ২৪ | ১৮.৫ |
| গ্রেড ‘বি’ | ৯৮ | ৭৫.৪ |
| গ্রেড ‘সি’ | ৮ | ৬.১ |

নির্বাচিত বিদ্যালয়গুলোর মধ্যে সরকার নির্ধারিত গ্রেড অনুযায়ী ‘বি’ গ্রেডের বিদ্যালয় সবচেয়ে বেশি (৭৫.৪%) - মোট ৯৮টি। ‘এ’ গ্রেডের বিদ্যালয় ১৮.৫% এবং ‘সি’ গ্রেডের বিদ্যালয় ৬.১%।

**সারণি ২: বিদ্যালয়ভিত্তিক শিক্ষক ও শিক্ষার্থী সংখ্যা**

| শিক্ষক/শিক্ষার্থী সংখ্যা | গড় | সর্বনিম্ন-সর্বোচ্চ |
|---|---|---|
| শিক্ষার্থী | ১৬১ | ৫৩-৪৩২ |
| শিক্ষক (অনুমোদিত) | ৬.৫ | ৪-১২ |
| শিক্ষক (কর্মরত) | ৬.৩ | ২-১১ |

এসব বিদ্যালয়ে শিক্ষার্থীর গড় সংখ্যা ১৬১ জন হলেও বিদ্যালয়ভেদে ৫৩ থেকে ৪৩২ পর্যন্ত শিক্ষার্থীর সংখ্যার তারতম্য দেখা যায়। শিক্ষক অনুমোদিত পদের গড় সংখ্যা ৬.৫ জন, যেখানে কর্মরত ছিলেন গড়ে ৬.৩ জন শিক্ষক। তবে কোনো কোনো বিদ্যালয় দুইজন শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে।

## চিহ্নিত সমস্যা ও সমাধানের হার

কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে বিদ্যালয়গুলোতে ২০ ধরনের মোট ৮৩০টি সমস্যা চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ১৮১টি সমস্যার সমাধান হয়েছে[৪] - সমাধানের হার ২১.৮%। এর মধ্যে সবচেয়ে বেশি বিদ্যালয়ে সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে পরিচ্ছন্নতার ঘাটতি (৬৮.৫%), যার মধ্যে প্রায় ৩৬% বিদ্যালয়ে সমস্যা সমাধান করা সম্ভব হয়েছে। অন্যদিকে, অপর্যাপ্ত অবকাঠামো ও সুযোগ-সুবিধার সমস্যা চিহ্নিত হয়েছে ৬৩.৮% বিদ্যালয়ে, কিন্তু এর সমাধান হয়েছে ৯.৬% বিদ্যালয়ে।

**সারণি ৩: চিহ্নিত সমস্যা ও তা সমাধানের হার**

| ক্রম | সমস্যার ধরন | চিহ্নিত সমস্যা (বিদ্যালয়ের সংখ্যা ও শতাংশ) | | সমাধান (বিদ্যালয়ের সংখ্যা ও শতাংশ) | |
|---|---|---|---|---|---|
| | | N | % | n | % |
| ১ | পরিচ্ছন্নতার ঘাটতি | ৮৯ | ৬৮.৫ | ৩২ | ৩৫.৯ |
| ২ | অপর্যাপ্ত অবকাঠামো ও সুযোগ-সুবিধা | ৮৩ | ৬৩.৮ | ৮ | ৯.৬ |
| ৩ | অকার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি | ৭৯ | ৬০.৮ | ২১ | ২৬.৬ |
| ৪ | শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা | ৬৮ | ৫২.৩ | ১৮ | ২৬.৫ |
| ৫ | ঝুঁকিপূর্ণ/ব্যবহারের অযোগ্য অবকাঠামো | ৫৯ | ৪৫.৪ | ৪ | ৬.৮ |
| ৬ | প্রতিবন্ধিবান্ধব অবকাঠামোর অভাব (র‍্যাম্প, ওয়াশ ব্লক, ইত্যাদি) | ৫৪ | ৪১.৫ | ৬ | ১১.১ |
| ৭ | বিদ্যালয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নির্ধারিত সময়সূচি না মানা | ৫০ | ৩৮.৫ | ১১ | ২২ |
| ৮ | অকার্যকর অভিযোগ প্রতিকার ব্যবস্থা | ৪৭ | ৩৬.২ | ১৫ | ৩১.৯ |
| ৯ | শিক্ষক সংকট | ৪৪ | ৩৩.৮ | ৯ | ২০.৫ |
| ১০ | প্রয়োজনীয় ও হালনাগাদ তথ্য না থাকা (বাৎসরিক পরিকল্পনা, বাজেট বরাদ্দ) | ৪৩ | ৩৩.১ | ৯ | ২০.৯ |
| ১১ | শিক্ষক কর্তৃক অনিয়মিত পাঠদান | ৪১ | ২৭.৭ | ১২ | ২৯.৩ |
| ১২ | অনিয়মিত জাতীয় সঙ্গীত গাওয়া | ৪৪ | ৩৩.৮ | ১১ | ২৫ |
| ১৩ | পাঠ্যপুস্তক/সহপাঠ/নৈতিক শিক্ষা অথবা পাঠ্যপুস্তক বহির্ভূত শিক্ষা/শিখন উপকরণ/সরঞ্জামের ঘাটতি বা অপ্রতুল ব্যবহার | ৩৬ | ২৭.৭ | ৫ | ১৩.৯ |
| ১৪ | শিক্ষকদের অনুপস্থিতি | ৩২ | ২৪.৬ | ৯ | ২৮.১ |
| ১৫ | শিক্ষকদের কর্মদক্ষতার ঘাটতি | ১৫ | ১১.৫ | ৩ | ২০ |
| ১৬ | অনিয়ম ও দুর্নীতি | ১৭ | ১৩.১ | ৩ | ১৭.৬ |
| ১৭ | শারীরিক শাস্তি/ভীতি প্রদর্শন | ১১ | ৬.৯ | ২ | ১৮.১ |
| ১৮ | জাতি, ধর্ম, শ্রেণি, পেশা ইত্যাদি পরিচয়ের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক আচরণ | ১২ | ৯.২ | ২ | ১৬.৭ |
| ১৯ | আর্থিক ব্যবস্থাপনায় দুর্নীতি (বার্ষিক বাজেট এবং অন্যান্য তহবিল/অনুদান ব্যয় ইত্যাদি) | ৫ | ৩.৮ | ০ | ০ |
| ২০ | শিক্ষার্থীদের ওপর যৌন নিপীড়ণ | ১ | ০.৮ | ১ | ১০০ |
| | **মোট** | **৮৩০** | **১০০** | **১৮১** | **২১.৮** |

এছাড়া ৬০.৮% বিদ্যালয়ে অকার্যকর ব্যবস্থাপনা কমিটি সমস্যা হিসেবে চিহ্নিত হলেও ২৬.৬% ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ নেওয়া সম্ভব হয়েছে। এর পেছনে এসএমসি পুনর্গঠনের জটিলতা, স্থানীয় রাজনৈতিক হস্তক্ষেপ ও প্রশাসনিক সীমাবদ্ধতা রয়েছে। শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি ৫২.৩% বিদ্যালয়ের ক্ষেত্রে একটি সমস্যা হিসেবে উঠে এসেছে এবং ২৬.৫% ক্ষেত্রে সুনির্দিষ্ট উদ্যোগের মাধ্যমে এর সমাধান সম্ভব হয়েছে। তবে কিছু ক্ষেত্র যেমন শিক্ষার্থীদের ওপর যৌন নিপীড়ণের ঘটনা বিরল হলেও (শুধু একটি বিদ্যালয়ে চিহ্নিত) সেটি শতভাগ ক্ষেত্রে সমাধান করা হয়েছে, যা স্পর্শকাতর বিষয়গুলোর প্রতি কর্তৃপক্ষের মনোযোগকে নির্দেশ করে। অন্যদিকে, আর্থিক ব্যবস্থাপনায় দুর্নীতি এবং বার্ষিক বাজেট বা অনুদান ব্যয়ের ক্ষেত্রে দুর্নীতি চিহ্নিত হয়েছে ৩.৮% বিদ্যালয়ে, কিন্তু কোনো ক্ষেত্রেই এর সমাধান হয়নি। এছাড়া জাতি, ধর্ম, পেশা ইত্যাদির ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ, শারীরিক শাস্তি, এবং শিক্ষকদের অনুপস্থিতি সম্পর্কিত সমস্যাগুলো উল্লেখযোগ্য হলেও এর সমাধানের হার তুলনামূলকভাবে কম।

[৪] সমাধানের পরও কিছু সমস্যা পুনরায় আবার উদ্ভূত হয়েছে বা ফিরে এসেছে।

**চিত্র ১: বিদ্যালয়ভিত্তিক চিহ্নিত সমস্যার বিন্যাস**




বিদ্যালয়গুলোতে শনাক্তকৃত সমস্যার সংখ্যার ওপর ভিত্তি করে দেখা যায়, বেশিরভাগ বিদ্যালয়েই একাধিক সমস্যা বিরাজমান। সর্বোচ্চ ২১টি বিদ্যালয়ে দুইটি করে সমস্যা চিহ্নিত হয়েছে। এরপর পর্যায়ক্রমে ২০টি বিদ্যালয়ে চারটি সমস্যা, ১৮টি বিদ্যালয়ে পাঁচ ও ছয়টি করে সমস্যা, এবং ১২টি বিদ্যালয়ে সাত ও আটটি করে সমস্যা চিহ্নিত হয়েছে। তুলনামূলকভাবে কম সংখ্যক বিদ্যালয়, যেমন ছয়টি বিদ্যালয়ে একটি বা তিনটি সমস্যা এবং ৫-৭টি বিদ্যালয়ে নয় বা দশটি সমস্যা পাওয়া গেছে। কিছু বিদ্যালয়ে অত্যধিক সমস্যা দেখা গেছে, যেখানে দুইটি বিদ্যালয়ে ১২ ও ১৪টি এবং একটি বিদ্যালয়ে সর্বোচ্চ ১৭টি সমস্যা শনাক্ত হয়েছে।

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রেডিং পদ্ধতির পর্যালোচনা

বাংলাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মান নির্ধারণ ও মূল্যায়নের ক্ষেত্রে একটি নির্দিষ্ট গ্রেডিং পদ্ধতি অনুসরণ করা হয়[৫], যার লক্ষ্য বিদ্যালয়গুলোর কার্যকারিতা, কাঠামোগত সুবিধা, ব্যবস্থাপনা দক্ষতা ও শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপ করা। যদিও এই পদ্ধতি বিদ্যালয়ের গুণগত মানোন্নয়নের দিকে পরিচালিত করার একটি প্রচেষ্টা, তথাপি এর কিছু অন্তর্নিহিত সীমাবদ্ধতা রয়েছে যা প্রকৃত মূল্যায়নকে ব্যাহত করছে।

### ৪.১ গ্রেডভিত্তিক বিদ্যালয়ের সমস্যা বিশ্লেষণ

**চিত্র ২: বিদ্যালয়ের গ্রেড অনুযায়ী সমস্যার বিন্যাস**




চিত্র ২-এ দেখা যায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রেড 'এ' শ্রেণিভুক্ত অনেক বিদ্যালয়ে গ্রেড 'বি' শ্রেণিভুক্ত বিদ্যালয়ের তুলনায় বেশি সমস্যা বিদ্যমান, যা কিছুটা অপ্রত্যাশিত। বিশেষভাবে লক্ষণীয়, চার থেকে ছয়টি সমস্যা রয়েছে এমন বিদ্যালয়ের মধ্যে গ্রেড 'এ' বিদ্যালয়ের হার ৫০.০% যেখানে গ্রেড 'বি' বিদ্যালয়ের হার ৩৮.৮%। এছাড়া ১০টির বেশি সমস্যা রয়েছে ১২.৫% গ্রেড 'এ' বিদ্যালয়ে, যেখানে গ্রেড 'বি' বিদ্যালয়ে তা মাত্র ৭.১%।

**সারণি ৪: বিদ্যালয়ের গ্রেড অনুযায়ী গড় সমস্যা ও তার পরিসীমা**

| বিদ্যালয়ের গ্রেড | গড় সমস্যা | সর্বনিম্ন | সর্বোচ্চ |
|---|---|---|---|
| গ্রেড 'এ' | ৪.২ | ১ | ১৪ |
| গ্রেড 'বি' | ৩.৬ | ১ | ১৭ |

সমস্যার গড় বিশ্লেষণেও একই চিত্র দেখা যায়। গ্রেড 'এ' বিদ্যালয়গুলোর গড় সমস্যার সংখ্যা গ্রেড 'বি' বিদ্যালয়ের গড় সমস্যার তুলনায় বেশি (সারণি ৪), যেটি গ্রেড নির্ধারণে বিদ্যমান পদ্ধতির কার্যকারিতা নিয়ে প্রশ্ন তোলে।

### ৪.২ গ্রেড নির্ধারণের কাঠামো

বর্তমানে বিদ্যালয়ের গ্রেড নির্ধারণে ১১টি বিষয়ভিত্তিক শ্রেণিবিভাগের অধীনে মোট ১০৯টি কার্যক্রম/ নির্দেশক ব্যবহার করা হয়। বিদ্যালয়গুলোকে মোট ৪০০ নম্বরের মধ্যে ৮০ শতাংশ বা তদূর্ধ্ব নম্বর প্রাপ্তিসাপেক্ষে বিদ্যালয়কে গ্রেড 'এ', ৬০-৭৯ শতাংশ হলে গ্রেড 'বি' এবং ৪০-৫৯ শতাংশ হলে গ্রেড 'সি' হিসেবে বিবেচনা করা হয়। উল্লেখ্য, এই পদ্ধতিতে সব নির্দেশকের ক্ষেত্রে সমান ভর (equal weight) নির্ধারণ করা হয়েছে, যার ফলে বিভিন্ন নির্দেশকের গুরুত্ব অগ্রাহ্য করা হয়েছে। শ্রেণিবিভাগ বা ক্ষেত্রগুলো এবং তাদের অধীনে নির্দেশকের সংখ্যা ও মোট মান নিচের সারণিতে উল্লেখ করা হলো (সারণি ৫)।

[৫] Directorate of Primary Education. (n.d.). *প্রাথমিক বিদ্যালয় গ্রেডিং ছক.* Ministry of Primary and Mass Education, Government of the People's Republic of Bangladesh. Link

**সারণি ৫: শ্রেণিবিভাগ বা ক্ষেত্রগুলো এবং তাদের অধীনে নির্দেশকের সংখ্যা ও মোট মান**

| ক্রমিক | ক্ষেত্র/শ্রেণিবিভাগ | কার্যক্রম/নির্দেশক | মোট মান |
|---|---|---|---|
| ১ | অবকাঠামো | ১০টি | ৩৮ |
| ২ | বিদ্যালয় পরিবেশ | ৭টি | ২৮ |
| ৩ | নেতৃত্ব ও ব্যবস্থাপনা | ১৮টি | ৭২ |
| ৪ | শিক্ষক মূল্যায়ন | ১০টি | ৩৯ |
| ৫ | শিক্ষার্থী মূল্যায়ন | ৬টি | ২১ |
| ৬ | শিক্ষার্থী সম্পর্কিত তথ্য | ১০টি | ৪০ |
| ৭ | শিখন-শিখানো কার্যাবলী | ১৬টি | ৬৩ |
| ৮ | সহপাঠক্রমিক কার্যাবলী | ১০টি | ৩৮ |
| ৯ | সমাজ সম্পৃক্তকরণ | ৪টি | ১৬ |
| ১০ | বিদ্যালয়ের বিশেষ কৃতিত্ব | ১০টি | ৩৭ |
| ১১ | বিবিধ | ৮টি | ৮ |
| **মোট** | | **১০৯টি** | **৪০০** |

## ৪.৩ মৌলিক সুবিধার অবমূল্যায়ন

গ্রেডিং ছকে শৌচাগার, খাবার পানি, আসবাবপত্র, বিদ্যালয় ভবন ও শ্রেণিকক্ষের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মৌলিক অবকাঠামোগত সুবিধাগুলোর জন্য বরাদ্দ নম্বর কেবল ৩%। অপরদিকে, শিক্ষকের সম্মাননা বোর্ড, ভবনের নামকরণ প্রভৃতি তুলনামূলকভাবে কম গুরুপূর্ণ বিষয়েও সমান ভর দেওয়া হয়েছে। বর্তমান গ্রেডিং পদ্ধতিতে নির্দেশকসমূহের এই সমান ভরের কারণে বাস্তবিক গুরুত্বের ভিত্তিতে বিদ্যালয়ের অবস্থার যথাযথ প্রতিফলন ঘটে না। উদাহরণস্বরূপ, যদি কোনো বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকে এবং সেখানে শ্রেণিকক্ষের তীব্র সংকট বিদ্যমান থাকে, কিন্তু শুধু ভবনের নামকরণ রয়েছে বা সামান্য সৌন্দর্যবর্ধক ব্যবস্থা (যেমন, ফুলের বাগান) বিদ্যমান থাকে, তখন সেটি এমন একটি বিদ্যালয়ের সমমানের স্কোর পায়, যার স্থাপনা উন্নত এবং শ্রেণিকক্ষ পর্যাপ্ত রয়েছে, কিন্তু ভবনের নামকরণ অনুপস্থিত। এই ধরনের সূচক কাঠামো বিদ্যালয়ের প্রকৃত প্রয়োজন ও শিক্ষার গুণগত মান মূল্যায়নে সীমাবদ্ধতা সৃষ্টি করে। যেমন বরগুনা সদর উপজেলার মধ্য বরগুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঝুঁকিপূর্ণ বিদ্যালয় ভবন, নিরাপদ পানির অভাব, সীমানা প্রাচীর নেই, খেলার মাঠ ও র‍্যাম্পের অনুপস্থিতি এবং প্রতি ৭৯ জন শিক্ষার্থীর জন্য একটি শৌচাগার থাকা সত্ত্বেও বিদ্যালয়টি 'এ' গ্রেডপ্রাপ্ত। একইভাবে সাতক্ষীরা সদর উপজেলার মাছখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও যশোর সদর উপজেলার পাঁচবাড়ীয়া বালিয়াডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় একাধিক মৌলিক সুবিধার অভাব সত্ত্বেও 'এ' গ্রেডপ্রাপ্ত।

## ৪.৪ অবকাঠামো ও মৌলিক সুবিধাসমূহের ক্ষেত্রে ন্যূনতম স্কোর প্রাপ্তির বাধ্যবাধকতা না থাকা

গ্রেডিং পদ্ধতিতে নেতৃত্ব ও ব্যবস্থাপনা, শিক্ষক মূল্যায়ন, শিক্ষার্থী মূল্যায়ন, শিখন ও শেখানো কার্যাবলী ইত্যাদির মতো চারটি শ্রেণিতে ৬৬.৬% নম্বর অর্জনের বাধ্যবাধকতা থাকলেও, অবকাঠামো ও মৌলিক সুবিধাসমূহের ক্ষেত্রে এ ধরনের কোনো ন্যূনতম মানদণ্ড নির্ধারিত নেই।

পরিশেষে এই সমান ভরের কারণে এবং ন্যূনতম স্কোর প্রাপ্তির বাধ্যবাধকতা না থাকায় এমন অনেক বিদ্যালয় যাদের শৌচাগার, পানীয় জলের উৎস, বা মানসম্পন্ন শ্রেণিকক্ষ অনুপস্থিত, তারা কেবল কম গুরুত্বপূর্ণ মানদণ্ড পূরণ করেই উচ্চ গ্রেড (গ্রেড 'এ') অর্জন করতে পারছে। এর ফলে গ্রেডিং পদ্ধতির কার্যকারিতা অনেক ক্ষেত্রে প্রশ্নবিদ্ধ হচ্ছে। এই গ্রেডিংয়ের ভিত্তিতেই বিভিন্ন সময় কর্মসূচি পরিকল্পনা, বাজেট বরাদ্দ ও প্রশাসনিক মনোযোগ নির্ধারণ করা হয়, তাই গ্রেডিংয়ের যথার্থতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## ৫.১ শিক্ষক সংকট

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে মানসম্মত শিক্ষার অন্যতম প্রধান শর্ত পর্যাপ্ত ও দক্ষ শিক্ষকদের সক্রিয়ভাবে পাঠদান। কিন্তু মনিটরিংয়ের অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট একটি গুরুতর সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। শিক্ষক সংকটের কারণে একদিকে যেমন শিক্ষার্থীদের শিখন কার্যক্রম বিঘ্নিত হচ্ছে, অন্যদিকে শিক্ষকরা অতিরিক্ত কাজের চাপে পড়ছেন, যা শিক্ষার গুণগত মানে বাধা সৃষ্টি করছে।

চিত্র ৩-এ দেখা যাচ্ছে একটি বিদ্যালয় মাত্র দুইজন এবং অন্য একটি বিদ্যালয় মাত্র তিনজন শিক্ষক দ্বারা পাঠদান কার্যক্রম পরিচালনা করছে। নয়টি বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা চারজন, অর্থাৎ ১১টি বিদ্যালয়ে চার বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত এবং ৩৬টি বিদ্যালয়ে পাঁচ বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত। অন্যদিকে, ছয়জন শিক্ষক কর্মরত রয়েছে সর্বোচ্চসংখ্যক ৫১টি বিদ্যালয়ে; এরপর পাঁচজন শিক্ষক ২৫টি বিদ্যালয়ে, এবং সাত ও আটজন শিক্ষক আছে যথাক্রমে ১৭টি করে বিদ্যালয়ে। এই তথ্য থেকে স্পষ্ট, বেশিরভাগ বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা ৫-৮ জনের মধ্যে সীমাবদ্ধ। আবার কিছু বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা তুলনামূলক বেশি, যেমন ১১ জন শিক্ষক আছে ৮টি বিদ্যালয়ে এবং ১২ জন শিক্ষক আছে ২টি বিদ্যালয়ে। এটি বিদ্যালয়ের আকার, শ্রেণি সংখ্যা ও শিক্ষার্থী সংখ্যার তুলনায় যথেষ্ট কি না তা নির্ভর করে প্রেক্ষাপটভিত্তিক বিশ্লেষণের ওপর।

**চিত্র ৩: বিদ্যালয়ে কর্মরত শিক্ষক বিন্যাস**




অন্তর্ভুক্তিমূলক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে আন্তর্জাতিকভাবে প্রতি ২৫ জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক রাখার সুপারিশ করা হয়েছে।[৬] জাতীয় শিক্ষা নীতি ২০১০ অনুসারে বাংলাদেশ সরকারও ২০১৮ সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৩০ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিল। কমিউনিটি মনিটরিংয়ের আওতায় থাকা বিদ্যালয়গুলোতে কর্মরত শিক্ষক-শিক্ষার্থীর গড় অনুপাত ১:২৬, যা সর্বনিম্ন ১:১০ থেকে সর্বোচ্চ ১:৮৮ পর্যন্ত। ৫৫টি বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা শিক্ষকপ্রতি ১১-৩০ জনের মধ্যে (চিত্র ৪)। তবে ৩৮টি বিদ্যালয়ে এই অনুপাত ১:৩০-এর বেশি, যা জাতীয় লক্ষ্যমাত্রার তুলনায় পিছিয়ে।

[৬] UNESCO Institute for Statistics. (2016). *The world needs almost 69 million new teachers to reach the 2030 education goals* (Fact Sheet No. 39). UNESCO; https://unesdoc.unesco.org/ark:/48223/pf0000246124

চিত্র ৪: শিক্ষক-শিক্ষার্থী অনুপাত অনুযায়ী বিদ্যালয়ের বিন্যাস




আরও উদ্বেগজনক হলো, তিনটি বিদ্যালয়ে প্রতি শিক্ষক ৫০ জন বা তার বেশি শিক্ষার্থীকে পাঠদান করছেন। উলেখ্য, ২৯টি বিদ্যালয়ের অনুমোদিত পদ অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৩০ এর বেশি।

চিত্র ৫: অনুমোদিত পদের বিপরীতে শূন্য পদের বিন্যাস




চিত্র ৫ থেকে দেখা যাচ্ছে, ৯৫টি বিদ্যালয়ে (৭১.৫%) অনুমোদিত সবগুলো পদই পূর্ণ; ২৯টি বিদ্যালয়ে একটি করে শূন্যপদ রয়েছে, এবং মাত্র ৫টি বিদ্যালয়ে দুই থেকে তিনটি শূন্যপদ রয়েছে।

### ৫.১.১ শিক্ষক সংকটের কারণ

শিক্ষক সংকটের পেছনে নানা ধরনের কারণ চিহ্নিত হয়েছে। সবচেয়ে সাধারণ সমস্যা হলো অনুমোদিত পদের বিপরীতে শিক্ষক নিয়োগ না হওয়া কিংবা দীর্ঘ সময় ধরে পদ শূন্য থাকা। অনেক বিদ্যালয়ে প্রধান শিক্ষক অবসর, বদলি বা অন্য কোনো কারণে অনুপস্থিত থাকায় সহকারী শিক্ষককে অতিরিক্ত দায়িত্ব পালন করতে হচ্ছে, যা পাঠদানকে ব্যাহত করছে।

এছাড়াও মাতৃত্বকালীন ছুটি, মেডিকেল ছুটি, ডেপুটেশনে অন্য বিদ্যালয়ে দায়িত্ব পালন, প্রশিক্ষণ (যেমন পিটিআই), বা বিদেশ গমনের কারণে একাধিক শিক্ষক একসাথে অনুপস্থিত থাকলে সংকট আরও প্রকট হয়। বিদ্যালয়ে বিকল্প/প্যারা শিক্ষক নিয়োগের সুযোগ না থাকাও একটি বড় সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। কিছু ক্ষেত্রে অভিভাবকদের মধ্যে পুরুষ শিক্ষকের চাহিদা দেখা গেছে। আবার কোথাও কোথাও প্রধান শিক্ষক উচ্চ আদালতে মামলা সংক্রান্ত জটিলতায় দায়িত্ব পালন করতে পারছেন না। এসব সমস্যা ছাড়াও শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার বিলম্বের কারণে অনেক বিদ্যালয়ে ছাত্র-শিক্ষক অনুপাতে ভারসাম্য নষ্ট হচ্ছে এবং শিক্ষার্থীর তুলনায় শিক্ষক সংখ্যায় ঘাটতির কারণে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা কঠিন হয়ে পড়ছে।

## ৫.২ অপর্যাপ্ত/ ঝুঁকিপূর্ণ অবকাঠামো ও সুযোগ-সুবিধা

বাংলাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর একটি উল্লেখযোগ্য অংশ অবকাঠামোগত ঘাটতি, শ্রেণিকক্ষের সংকট এবং নিরাপত্তাহীনতা মোকাবিলা করছে। এখানে বিদ্যালয়ের অবকাঠামো, শ্রেণিকক্ষ ও শিক্ষার্থী অনুপাতে বিদ্যমান সমস্যা, ঝুঁকিপূর্ণ ভবন ও ভবন সংলগ্ন পরিবেশের চিত্র, এবং এর সমাধান ও প্রতিবন্ধকতাসমূহ নিয়ে বিশ্লেষণ করা হলো।

### ৫.২.১ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, ভবন, মাঠ ও সীমানা প্রাচীর

**ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ ভবন:** অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন অত্যন্ত পুরাতন ও জীর্ণ। কমিউনিটি মনিটরিং ও স্থানীয় সভাগুলোয় ৬১টি বিদ্যালয়ে ভবনের সম্পূর্ণ বা আংশিক অংশ ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত হয়। কোনো কোনো বিদ্যালয়ে ১-৪টি শ্রেণিকক্ষ ঝুঁকিপূর্ণ, আবার কোনো কোনো বিদ্যালয়ে সম্পূর্ণ ভবন এমনকি ভবনের আশেপাশের পরিবেশও ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে। এসব ভবনের ছাদ থেকে প্লাস্টার খসে পড়ছে, দেয়ালে বড় বড় ফাটল দেখা যাচ্ছে, যা শিক্ষার্থীদের জন্য দৈনন্দিন ঝুঁকি তৈরি করছে। কিছু ভবন এমন নিচু স্থানে অবস্থিত যে সামান্য বৃষ্টিতেই ভবনের ভেতর পানি জমে যায় বা প্লাবিত হয়। সবচেয়ে উদ্বেগজনক হলো, বহু বছর আগে সরকারিভাবে পরিত্যক্ত ঘোষিত ভবনগুলো এখনো পাঠদানের কাজে ব্যবহৃত হচ্ছে, যেখানে শিক্ষার্থীদের প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করতে হয়।

**শ্রেণিকক্ষ সংকট এবং অস্থায়ী পাঠদান ব্যবস্থা:** প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক শিফটে পাঠদান পরিচালনার ক্ষেত্রে প্রতিটি শ্রেণির জন্য কমপক্ষে একটি শ্রেণিকক্ষ প্রয়োজন। সে হিসেবে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদানের জন্য অন্তত ছয়টি শ্রেণিকক্ষ থাকা আবশ্যক। তবে বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী এই সংখ্যা আরও বৃদ্ধি পেতে পারে। সারণি ৫ থেকে দেখা যায়, ৬৬টি বিদ্যালয়ে ছয়টির কম শ্রেণিকক্ষ রয়েছে, যা মোট বিদ্যালয়ের ৬৬.২ শতাংশ; পাঁচটি বিদ্যালয়ে দুইটি শ্রেণিকক্ষ রয়েছে। একইভাবে তিন কক্ষবিশিষ্ট বিদ্যালয়ের হার ২৪.৬ শতাংশ এবং চারটি কক্ষ রয়েছে ২১.৫ শতাংশ বিদ্যালয়ে। অর্থাৎ প্রায় অর্ধেক বিদ্যালয়ে তিন বা চারটি কক্ষে শিক্ষার্থীদের পাঠদান চলছে।

প্রয়োজনীয় শ্রেণিকক্ষের অভাবে ক্লাস নিতে হচ্ছে টিনশেডের অস্থায়ী ঘরে বা এমনকি খোলা জায়গাতেও। এসব ঘরগুলোর অনেকটিতেই বৈদ্যুতিক ফ্যান নেই, ফলে গ্রীষ্মকালে শ্রেণিকক্ষে তীব্র গরম ও অস্বস্তিকর পরিবেশে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চালাতে হয়। ফলে শিক্ষা কার্যক্রম বাধাগ্রস্ত হয় এবং শিশুদের স্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব পড়ে।

**সারণি ৬: অবকাঠামো ও সুযোগ-সুবিধা সংক্রান্ত তথ্য**

| অবকাঠামো ও সুযোগ-সুবিধা | বিদ্যালয়ের সংখ্যা | শতাংশ |
|---|---|---|
| ব্যবহৃত শ্রেণিকক্ষের সংখ্যা | | |
| ২ | ৫ | ৩.৪ |
| ৩ | ৩২ | ২৪.৬ |
| ৪ | ২৮ | ২১.৫ |
| ৫ | ২১ | ১৬.২ |
| >=৬ | ৪৪ | ৩৩.৮ |
| শ্রেণিকক্ষ প্রতি শিক্ষার্থীর সংখ্যা | | |
| <=৩০ | ৫৫ | ৪২.৩ |
| ৩১-৪০ | ২৭ | ২০.১ |
| ৪১-৫০ | ১৮ | ১৩.৯ |
| ৫১-৬০ | ২০ | ১৫.৪ |
| >৬০ | ১০ | ৭.৮ |
| শ্রেণিকক্ষ প্রতি গড় শিক্ষার্থীর সংখ্যা | ৩৬ (সর্বনিম্ন ৯, সর্বোচ্চ ৮৭) | |
| খারাপ/ঝুকিপূর্ণ বিদ্যালয়ের ভবন বা শ্রেণিকক্ষ রয়েছে | ৬১ | ৪৬.৯ |
| খেলাধুলার উপযুক্ত মাঠ নেই | ৩৩ | ২৬.৬ |
| যথাযথ সীমানা প্রাচীর নেই | ১০৯ | ৮৩.২ |

অন্যদিকে ৪২.৩ শতাংশ বিদ্যালয়ে শ্রেণিকক্ষপ্রতি শিক্ষার্থী সংখ্যা গড়ে ৩০ জন বা কম, যা শ্রেণিকক্ষপ্রতি যে লক্ষ্য তা পূরণ করে। ২০.১ শতাংশ বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা ৩১-৪০ জনের মধ্যে। আবার ২৩.২ শতাংশ বিদ্যালয়ে শ্রেণিকক্ষপ্রতি গড়ে ৫০ জনের বেশি শিক্ষার্থী রয়েছে।

**যথাযথ সীমানা প্রাচীর না থাকা:** সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর নিরাপত্তা ও আধুনিক শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণে একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো যথাযথ সীমানা প্রাচীর। কিন্তু প্রাপ্ত তথ্য অনুযায়ী, ১০৯টি বিদ্যালয়ে (৮৩.২%) যথাযথ সীমানা প্রাচীর নেই, যা শিক্ষার্থীদের নিরাপত্তার জন্য গুরুতর ঝুঁকি তৈরি করছে। সীমানা প্রাচীর না থাকায় বাস্তবিক কিছু উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়েছে। যেমন, দিনাজপুরের একটি বিদ্যালয়ের পাশে ব্যস্ত সড়ক থাকায় ইতোমধ্যে একাধিক দুর্ঘটনা ঘটেছে এবং ভবিষ্যতে আরও দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। আবার, কিছু বিদ্যালয়ের মাঠের পাশে নদী, জলাশয় কিংবা গভীর গর্ত থাকায় খেলাধুলা বা চলাচলের সময় শিক্ষার্থীদের মারাত্মক দুর্ঘটনার ঝুঁকি রয়েছে। সবচেয়ে ভয়াবহ দিক হলো সন্ধ্যার সময় কয়েকটি বিদ্যালয়ের মাঠে বহিরাগতদের দ্বারা মাদকের আড্ডা বসে, যা শিশুদের মানসিক ও সামাজিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

**খেলার মাঠের অভাব ও ব্যবহারের অনুপযোগিতা:** শিক্ষার্থীরা সুষম মানসিক ও শারীরিক বিকাশের জন্য খেলাধুলার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। কমিউনিটি মনিটরিংয়ের আওতায় থাকা ৩৩টি বিদ্যালয়ে কোনো খেলার মাঠ নেই; আবার যেসব বিদ্যালয়ে মাঠ আছে, সেগুলোর অবস্থাও অত্যন্ত করুণ। মাঠগুলো হয় নিচু জমিতে, নয়তো জলাবদ্ধতার কারণে সারাবছর ব্যবহার অনুপযোগী।

**বিদ্যালয়ের পাশে ডোবা বা নালা থাকায় নিরাপত্তা ঝুঁকি:** কিছু বিদ্যালয়ের একেবারে পাশেই রয়েছে উন্মুক্ত ডোবা, নালা বা জলাশয়, যা শিশুর জন্য সরাসরি শারীরিক বিপদের কারণ। এমনকি ভবিষ্যতে বিদ্যালয়ের সম্প্রসারণ বা খেলার মাঠ নির্মাণের জন্যও এসব প্রতিবন্ধকতা একটি বড় চ্যালেঞ্জ।

**প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকায় আশ্রয়কেন্দ্রের অভাব:** বিশেষ করে উপকূলীয় ও বন্যাপ্রবণ এলাকায় কিছু বিদ্যালয়গুলোর ভবন দুর্যোগের সময় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারযোগ্য নয়।

**প্রধান সড়ক থেকে বিদ্যালয়ের সংযোগ পথের দুরবস্থা:** কিছু বিদ্যালয়ে প্রধান সড়ক থেকে বিদ্যালয়ে প্রবেশের জন্য নির্দিষ্ট বা নিরাপদ কোনো রাস্তা নেই। অনেক সময় এটি কাঁচা, ভাঙাচোরা বা জলাবদ্ধ থাকে, যা বর্ষাকালে ব্যবহার করা একেবারেই অসম্ভব হয়ে পড়ে। ফলে শিক্ষার্থী ও শিক্ষকরা বিদ্যালয়ে যাতায়াতে নানা দুর্ভোগের সম্মুখীন হন, এবং শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি কমে যায়।

**চিত্র ৬: কয়েকটি বিদ্যালয়ের বাস্তবচিত্র**

- **মধ্য আবিরনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, লোহাগড়া, নড়াইল:** ভবন সংকটের কারণে স্কুল কর্তৃপক্ষ ১টি টিন শেড দিয়ে ২টি কক্ষের ব্যবস্থা করে। বর্ষাকালে পানির প্রবেশে পাঠদান ব্যাহত হয়, বালি দিয়ে সাময়িক সমাধান দেওয়া হলেও শুকনো মৌসুমে বালি বাতাসে উড়ে গিয়ে শ্বাসকষ্টের কারণ হয়ে দাঁড়ায়।
- **আমবাগান সরকারি প্রাথমিক বিদ্যালয়, চট্টগ্রাম:** বিদ্যালয়ের নতুন ভবন পরিত্যাক্ত অবস্থায় রয়েছে, যেখানে দরজা জানালা ভাঙ্গা ও স্কুলে বিদ্যুতের কোনো ব্যবস্থা নাই।
- **আগলপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঝালকাঠি:** বিদ্যালয়ের শ্রেণিকক্ষগুলোর সিলিং থেকে প্লাস্টার খসে পড়ছে, ফলে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম শিক্ষার্থীদের জন্য জীবনের ঝুঁকি তৈরি করছে। তাছাড়া, বিদ্যালয়ের মাঠটি ভবনের মেঝে থেকে প্রায় দুই হাত নিচু হওয়ায় এবং মাঠের একপাশে একটি উন্মুক্ত ডোবা থাকায় শিশুশিক্ষার্থীদের জন্য খেলাধুলার সময় দুর্ঘটনার আশঙ্কা থেকেই যাচ্ছে। এই পরিস্থিতি বিদ্যালয়ের শিক্ষা ও খেলাধুলাবান্ধব পরিবেশে গুরুতর বিঘ্ন ঘটাচ্ছে।
- **মধ্য বরগুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরগুনা:** বিদ্যালয়টি বর্তমানে অস্থায়ীভাবে টিনের ছাউনি দিয়ে পরিচালিত হচ্ছে, যেখানে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম অত্যন্ত ঝুঁকিপূর্ণ পরিবেশে চলছে। এখানে শিক্ষা গ্রহণের জন্য উপযোগী কোনো শারীরিক পরিকাঠামো বা শিক্ষাবান্ধব পরিবেশ নেই। বিদ্যালয়ে নেই কোনো খেলার মাঠ, ওয়াশ ব্লক বা শৌচাগারের ব্যবস্থা। ফলে শিক্ষার্থীদের বাধ্য হয়ে পার্শ্ববর্তী বাড়ি বা রাস্তার পাশে গিয়ে টয়লেট করতে হয়, যা তাদের স্বাস্থ্য, মর্যাদা এবং নিরাপত্তার জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে।

### ৫.২.২ ওয়াশ, স্যানিটেশন ও খাবার পানি

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যকর শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় স্যানিটেশন এবং খাবার পানির (ওয়াশ/WASH) সুবিধা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অবকাঠামোগত স্বাস্থ্যবিধি রক্ষায় আন্তর্জাতিক মান অনুযায়ী প্রতি ২৫ জন ছাত্রী এবং প্রতি ৫০ জন ছাত্রের জন্য একটি করে শৌচাগার (ইউরিনালসহ) থাকার সুপারিশ করা হয়েছে[৭]। কিন্তু অনেক বিদ্যালয়েই এই মৌলিক সুবিধার ঘাটতি রয়েছে। উদাহরণস্বরূপ, ৪৯টি বিদ্যালয়ে (৩৭.৭%) কোনো ওয়াশব্লক নেই। আরও উদ্বেগজনক হলো, পাঁচটি বিদ্যালয়ে (৩.৯%) ব্যবহারযোগ্য শৌচাগারই নেই। এমন অবস্থায় কোনো ক্ষেত্রে শিক্ষার্থীদের বাইরে খোলা জায়গায় যেতে বাধ্য হতে হয়, যা তাদের মর্যাদা, নিরাপত্তা এবং স্বাস্থ্যবিধির পরিপন্থী।

বিশেষভাবে মেয়ে শিক্ষার্থীদের জন্য পৃথক শৌচাগারের অভাব একটি বড় সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে - ২২টি বিদ্যালয়ে (১৬.৯%) মেয়েদের জন্য আলাদা শৌচাগার নেই। একইভাবে, ৩৯টি বিদ্যালয়ে (৩০%) নারী শিক্ষকদের জন্য পৃথক টয়লেট নেই।

শৌচাগার-শিক্ষার্থী অনুপাতও একটি গুরুত্বপূর্ণ নির্দেশক। উপাত্ত থেকে জানা যায়, ৫৭.৯% বিদ্যালয়ে শৌচাগারপ্রতি শিক্ষার্থীর সংখ্যা ৫০ জন বা তার কম, যা তুলনামূলকভাবে গ্রহণযোগ্য। তবে ১২টি বিদ্যালয়ে ১০০ জনেরও বেশি শিক্ষার্থী একটি শৌচাগার ব্যবহার করছে। শৌচাগার-প্রতি শিক্ষার্থীর গড় সংখ্যা ৫২ জন, যেখানে সর্বনিম্ন ৮ জন এবং সর্বোচ্চ ৩৫৭ জন শিক্ষার্থী একটি শৌচাগার ব্যবহার করছে। যেসব বিদ্যালয়ে মেয়েদের জন্য আলাদা শৌচাগার আছে সেই বিদ্যালয়গুলোর মেয়ে শিক্ষার্থী এবং পৃথক শৌচাগারের গড় অনুপাত ৬৪:১।

---

[৭] World Health Organization (WHO) & UNICEF. (2009). *Water, sanitation and hygiene standards for schools in low-cost settings*. Geneva: WHO Press; https://www.who.int/publications/i/item/9789241547796

**সারণি ৭: শৌচাগার ও খাবার পানির সুবিধা সংক্রান্ত তথ্য**

| অবকাঠামো ও সুযোগ-সুবিধা | বিদ্যালয়ের সংখ্যা | শতাংশ |
|---|---|---|
| ওয়াশ ব্লক নেই | ৪৯ | ৩৭.৭ |
| ব্যবহারযোগ্য শৌচাগার নেই | ৫ | ৩.৯ |
| মেয়েদের জন্য পৃথক শৌচাগার নেই | ২২ | ১৬.৯ |
| নারী শিক্ষকদের জন্য পৃথক শৌচাগার নেই | ৩৯ | ৩০ |
| শৌচাগার প্রতি শিক্ষার্থীর সংখ্যা | | |
| <=৫০ | ৭৩ | ৫৭.৯ |
| ৫১-৭০ | ২৫ | ১৯.৮ |
| ৭১-১০০ | ১৬ | ১২.৭ |
| >=১০০ | ১২ | ৯.৫ |
| শৌচাগার প্রতি গড় শিক্ষার্থীর সংখ্যা ৫২ (সর্বনিম্ন ৮ থেকে সর্বোচ্চ ৩৫৭) | | |
| খাবার পানির ব্যবস্থা নেই | ২২ | ১৬.৯ |

খাবার পানির দিক থেকেও সমস্যা বিদ্যমান। ২২টি বিদ্যালয়ে (১৬.৯%) কোনো খাবার পানির ব্যবস্থা নেই। এর ফলে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের সময় তৃষ্ণা মেটানো বা বিশুদ্ধ পানি গ্রহণের মতো মৌলিক অধিকার ব্যাহত হয়। শিশুদের স্বাস্থ্য ঝুঁকির পাশাপাশি এটি তাদের একাগ্রতা ও শেখার সক্ষমতাও নেতিবাচকভাবে প্রভাবিত করে।

### ৫.২.৩ডিজিটাল সরঞ্জাম

ডিজিটাল শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সরঞ্জামের ঘাটতি এখনো একটি বড় চ্যালেঞ্জ। কমিউনিটি মনিটরিংয়ে দেখা গেছে ২১.৫ শতাংশ বিদ্যালয়ে কোনো ল্যাপটপ নেই, যার ফলে এসব বিদ্যালয়ের শিক্ষার্থীরা ডিজিটাল ক্লাস কিংবা মাল্টিমিডিয়া পাঠদানের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, যা আধুনিক শিক্ষার সাথে শিক্ষার্থীদের সম্পৃক্ততায় ব্যাঘাত সৃষ্টি করছে। ডিজিটাল পদ্ধতিতে পাঠদান শিক্ষার্থীদের আগ্রহ ও অংশগ্রহণ বাড়াতে সহায়ক হলেও অনেক বিদ্যালয়ে প্রয়োজনীয় প্রযুক্তিগত অবকাঠামো না থাকায় শিক্ষকরা সেই সুযোগ কাজে লাগাতে পারছেন না।

### ৫.২.৪ অবকাঠামো ও সুযোগ-সুবিধা সম্পর্কিত সমস্যা সমাধানে গৃহীত উদ্যোগ ও অন্তরায়

কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমস্যার সমাধানে ইতিবাচক অগ্রগতি লক্ষ করা গেছে, যার পেছনে ছিল ধারাবাহিক অধিপরামর্শমূলক কার্যক্রম, স্থানীয় প্রশাসনের সক্রিয় সমর্থন এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যকর অংশগ্রহণ। এসব সমন্বিত উদ্যোগের ফলে কিছু বিদ্যালয়ে ঝুঁকিপূর্ণ ভবন সংস্কার করা সম্ভব হয়েছে, জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, এবং একটি বিদ্যালয়ে দ্বিতীয় তলার অব্যবহৃত অংশকে শ্রেণিকক্ষে রূপান্তর করে শ্রেণিকক্ষ সংকট অনেকাংশে কমানো হয়েছে। একটি বিদ্যালয়ে সংযোগ সড়ক তৈরির জন্য এসএমসি সদস্য, অভিভাবক এবং স্থানীয় ইউপি চেয়ারম্যান একত্রে সমন্বিত উদ্যোগ নিয়ে রাস্তা পাকা করেছেন। কিছু অভিভাবকের চাহিদার ভিত্তিতে বিদ্যালয় পরিচালনা কমিটি সক্রিয় হয়ে অস্থায়ীভাবে নতুন ওয়াশ ব্লক তৈরি করেছে।

কিছু সমস্যা সনাক কর্তৃক শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সঙ্গে সমন্বিত অধিপরামর্শ সভার মাধ্যমে সমাধান করা হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে দীর্ঘদিন ধরে বিলম্বিত হওয়া নির্মাণ কাজের সমস্যা অধিপরামর্শ সভায় উত্থাপন করা হলে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে দায়িত্ব দিয়ে দ্রুত নির্মাণ সম্পন্ন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কয়েকটি বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে একাধিকবার অধিপরামর্শ সভা করে নিরাপদ পানির ব্যবস্থা ও ওয়াটার ফিল্টার স্থাপন করা হয়েছে।

অন্যদিকে, অনেক বিদ্যালয়ের সমস্যার এখনো সমাধান হয়নি, যার পেছনে রয়েছে একাধিক কাঠামোগত ও প্রশাসনিক বাধা। বাজেট ঘাটতি, শিক্ষা প্রকৌশল বিভাগের ধীরগতি, যথাযথ পরিকল্পনার ঘাটতি, কার্যকর তদারকির অভাব এবং কিছু ক্ষেত্রে তহবিলের অপব্যবহার/ আত্মসাৎ এসব সমস্যা সামাধান না হওয়ার কারণ। এছাড়া জমি নিয়ে জটিলতা অনেক সময় ভবন ও মাঠ নির্মাণ কার্যক্রমকে বিলম্বিত করে। উদাহরণস্বরূপ, সিটি কর্পোরেশনের সাথে জমি নিয়ে বিরোধ থাকার কারণে একটি বিদ্যালয়ের ভবন ও খেলার মাঠ নির্মাণ আটকে আছে। আরেকটি বিদ্যালয়ে খেলার মাঠ নিয়ে বিরোধ আদালতে গড়ালে এবং রায় বিদ্যালয়ের পক্ষে এলেও প্রশাসনিক বিলম্ব ও সমন্বয়হীনতার কারণে মাঠ সংস্কারের কাজ বিলম্বিত হচ্ছে। অন্য একটি ক্ষেত্রে সাবমারসিবল পাম্প বসানোর জন্য অর্থ বরাদ্দ দেওয়া হলেও ঠিকাদার তা অসম্পূর্ণ রেখে চলে যায়।

নিচের সারণিতে (সারণি ৭) অবকাঠামোগত বিভিন্ন সুযোগ-সুবিধার ক্ষেত্রে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত পরিকল্পনা ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত মান এবং মনিটরিংয়ের অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলোর তুলনামূলক চিত্র দেখানো হয়েছে।

সারণি ৮: অবকাঠামোগত বিভিন্ন সুযোগ-সুবিধার ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক মানের সাথে মনিটরিংয়ের অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলোর তুলনামূলক চিত্র

| বিদ্যালয়ের অবকাঠামো/ সুবিধা | বাংলাদেশ (PEDP III/IV, DPE) | আন্তর্জাতিক মান (UNICEF/UNESCO) | মনিটরিংয়ে অন্তর্ভুক্ত ১৩০টি বিদ্যালয়ের চিত্র |
|---|---|---|---|
| **শ্রেণিকক্ষের সংখ্যা** | সর্বনিম্ন ৪টি: ১টি প্রাক প্রাথমিক (PPE) এবং ৩টি প্রাথমিক শ্রেণির (Class I-V) জন্য শিক্ষার্থী-শ্রেণিকক্ষ অনুপাত ১:৪০ হতে হবে তবে একটি শ্রেণিকক্ষে সর্বোচ্চ ৫৬ জন বসার ব্যবস্থা করা যেতে পারে | প্রতি শ্রেণির জন্য ন্যূনতম একটি | গড়ে ৫ এর কম (৪.৮টি) শ্রেণিকক্ষ বিদ্যামান (সর্বনিম্ন ২টি হতে সর্বোচ্চ ৯টি) |
| **শিক্ষক সংখ্যা** | সর্বনিম্ন ৫ জন: ১ জন প্রাক প্রাথমিক শ্রেণির জন্য + ৩ জন প্রাথমিক শ্রেণির জন্য + ১ জন প্রধান শিক্ষক | | • গড় শিক্ষক (অনুমোদিত) - ৬.৫ জন (সর্বনিম্ন ৪ জন ও সর্বোচ্চ ১২ জন)<br>• গড় শিক্ষক (কর্মরত) - ৬.৩ জন (সর্বনিম্ন ২ জন ও সর্বোচ্চ ১১ জন) |
| **শিক্ষক-শিক্ষার্থী অনুপাত** | ১:৩০ সুপারিশকৃত | ১:২৫ | ১:২৬ |
| **শৌচাগার (ছাত্র-শৌচাগার অনুপাত)** | • বালিকা: প্রতি ৫০ জনে ১টি শৌচাগার<br>• বালক: প্রতি ৭৫ জনে ১টি শৌচাগার + ৫০ জনে ১টি ইউরিনাল | • বালিকা: প্রতি ২৫ জনে ১টি<br>• বালক: প্রতি ৫০ জনে ১টি শৌচাগার + ইউরিনাল | • বালিকা: প্রতি ৬৪ জনে ১টি<br>• বালক: প্রতি ৩৭ জনে ১টি শৌচাগার |
| **ছেলে-মেয়ে পৃথক শৌচাগার** | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | ২২টি বিদ্যালয়ে (১৬.৯%) মেয়েদের জন্য এবং ৩৯টি বিদ্যালয়ে (৩০%) নারী শিক্ষকদের জন্য পৃথক টয়লেট নেই |
| **খাবার পানির উৎস** | নলকূপ বা পাইপযুক্ত উৎস | নিরাপদ, পরিশোধিত ও সহজপ্রাপ্য উৎস | ২২টি বিদ্যালয়ে (১৬.৯%) কোনো খাবার পানির ব্যবস্থা নেই |
| **বাউন্ডারি ওয়াল বা প্রাচীর** | নিরাপত্তার জন্য সুপারিশকৃত | শিশু নিরাপত্তার জন্য সুপারিশকৃত | ১০৯টি বিদ্যালয়ে (৮৩.২%) যথাযথ সীমানা প্রাচীর নেই |

## ৫.৩ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো ও সুযোগ-সুবিধা

জাতীয় শিক্ষানীতি ২০১০-এ স্পষ্টভাবে বলা হয়েছে যে, দেশের সকল শিক্ষার্থীর জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক শিক্ষা নিশ্চিত করতে প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো ও সুযোগ-সুবিধা প্রতিষ্ঠা করা আবশ্যক। নীতিমালায় উল্লেখ রয়েছে, দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পদ্ধতিতে পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবে, সকল ধরনের প্রতিবন্ধী শিক্ষার্থীর চলাচল, শৌচাগার ব্যবহার এবং অন্যান্য প্রয়োজনীয় সেবার সুযোগ বিদ্যালয়ে নিশ্চিত করতে হবে।

### ৫.৩.১ বিদ্যমান চিত্র

মাঠপর্যায়ের বাস্তবতা এই নীতিমালার বিপরীত চিত্র তুলে ধরে। মনিটরিং এর আওতায় থাকা ১৩০টি বিদ্যালয়ের মধ্যে ৬৩টি (৪৮.৫%) বিদ্যালয়ে কমপক্ষে একজন প্রতিবন্ধী শিক্ষার্থী রয়েছে, তবে তাদের জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত সহায়তা অধিকাংশ ক্ষেত্রেই অনুপস্থিত।

চিত্র ৭: বিদ্যালয়গুলোতে বিদ্যমান প্রতিবন্ধিবান্ধব সুযোগ-সুবিধার চিত্র




কমিউনিটি মনিটরিংয়ের অন্তর্ভুক্ত ৭৪টি (৫৭%) বিদ্যালয়ে কোনো র‍্যাম্প নেই। একইভাবে, ৯৭টি বিদ্যালয়ে (৭৫%) প্রতিবন্ধিবান্ধব শৌচাগার নেই। উদাহরণস্বরূপ কিছু বিদ্যালয়ের চিত্র সুনির্দিষ্টভাবে তুলে ধরা হলো।

- একটি বিদ্যালয়ে পুরাতন একটি ওয়াশব্লক থাকলেও সেখানে র‍্যাম্প নেই; তবে সম্প্রতি নতুন একটি ওয়াশব্লক নির্মিত হয়েছে যেখানে র‍্যাম্প যুক্ত করা হয়েছে।
- ১৯৮৬ সালে নির্মিত ভবন, যা এখন বন্যাকালীন আশ্রয় কেন্দ্র হিসেবেও ব্যবহৃত হয়, সেটি দ্বিতীয় তলায় হওয়ায় এবং র‍্যাম্প না থাকার ফলে প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্লাসে যাওয়া প্রায় অসম্ভব।
- ২০১৯-২০ অর্থবছরে নির্মিত নতুন ভবনেও র‍্যাম্প রাখা হয়নি।
- অনেক বিদ্যালয়ের ভবন এত পুরাতন যে, টিনশেড ও জরাজীর্ণ অবস্থায় সেখানে ওয়াশব্লক ও র‍্যাম্প নির্মাণের তেমন কোনো সুযোগ নেই।
- কয়েকটি বিদ্যালয়ে নতুন ওয়াশব্লক নির্মিত হলেও সিঁড়ির উচ্চতা বেশি হওয়ায় এবং সেখানে র‍্যাম্প না থাকায় প্রতিবন্ধীদের জন্য ব্যবহারযোগ্য নয়।

### ৫.৩.২ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো উন্নয়নের সফল উদ্যোগ

কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিবন্ধিবান্ধব অবকাঠামোর ঘাটতি বিশেষ করে র‍্যাম্প ও ওয়াশব্লকের অনুপস্থিতিতেই সমস্যাগুলো বিভিন্ন কার্যক্রম ও অ্যাডভোকেসির মাধ্যমে চিহ্নিত হওয়ার পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ গ্রহণ করে। উদাহরণস্বরূপ, একটি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের সময় প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রয়োজন বিবেচনায় নিয়ে র‍্যাম্প ও বিশেষ ওয়াশব্লক সংযুক্ত করা হয়।

কমিউনিটি অ্যাকশন মিটিং ও মনিটরিং-এর মাধ্যমে চিহ্নিত সমস্যার ভিত্তিতে একাধিক বিদ্যালয়ে ওয়াশব্লক সংস্কার করা হয় এবং প্রতিবন্ধিবান্ধব সুবিধা নিশ্চিত করা হয়। একটি বিদ্যালয়ে যেখানে পূর্বে কোনো প্রতিবন্ধিবান্ধব ওয়াশব্লক ছিল না, সেখানে শিক্ষা বিভাগে ধারাবাহিক অ্যাডভোকেসির ফলে নতুন করে ওয়াশব্লক নির্মাণ করা হয়। আরেকটি ক্ষেত্রে, ডিপিএইচই (DPHE) সরেজমিনে বিদ্যালয় পরিদর্শন করে ওয়াশব্লক নির্মাণের জন্য তালিকাভুক্ত করে এবং কাজ শুরু করে। একটি বিদ্যালয়ে যেখানে কাজই শুরু হয়নি, সেখানে কর্তৃপক্ষের কাছে সমস্যা জানানোর পর ওয়াশব্লক নির্মাণ করা হয়।

### ৫.৩.৩ প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো সমস্যা সমাধানে দীর্ঘসূত্রতা ও প্রতিবন্ধকতা

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে র‍্যাম্প ও ওয়াশব্লকের মতো প্রতিবন্ধিবান্ধব সুবিধার ঘাটতি দীর্ঘদিন ধরেই বিদ্যমান। এসব সমস্যার সমাধান বিলম্বিত হওয়ার পেছনে একাধিক কারণ চিহ্নিত হয়েছে। সবচেয়ে বেশি উল্লেখযোগ্য হলো বাজেট ঘাটতি ও বরাদ্দের অনুপস্থিতি। অনেক বিদ্যালয়ই প্রতিবন্ধিবান্ধব অবকাঠামোর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না পাওয়ায় কাজ শুরু করতে পারছে না অথবা মাঝপথে থেমে গেছে।

একাধিক ক্ষেত্রে সমস্যাটি স্থানীয় প্রশাসনের এখতিয়ারবহির্ভূত বলে উল্লেখ করা হয়েছে, ফলে উপজেলা বা ইউনিয়ন পর্যায়ের প্রতিনিধিরা সরাসরি সমাধান দিতে পারছেন না। কোথাও কোথাও পুরাতন ভবনের নকশায় র‍্যাম্প বা প্রতিবন্ধিবান্ধব ওয়াশব্লকের সুযোগ না থাকা, কিংবা ভবনের কাঠামোগত দুর্বলতার কারণে কোনো সংস্কার সম্ভব হচ্ছে না। ফলে পুরাতন ভবনের সাথে নতুন সুবিধা যুক্ত করার বিষয়টি বাস্তবায়নযোগ্য নয় বলে কর্তৃপক্ষ জানাচ্ছে। কোথাও কোথাও নতুন ভবন বা ওয়াশব্লকে র‍্যাম্প রাখা হয়নি।

এছাড়া কিছু ক্ষেত্রে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনস্থ নির্মাণ কাজ শেষ না হওয়া, কিংবা নতুন ভবন নির্মাণ শুরু হলেও তা এখনো হস্তান্তর না হওয়া সমস্যার সমাধান বিলম্বিত করছে। আবার কোথাও কোথাও বিদ্যালয়ের ভূমি-সংক্রান্ত জটিলতা বা নদীভাঙনের ঝুঁকির কারণে স্থায়ী অবকাঠামো নির্মাণ সম্ভব হচ্ছে না। একাধিক ক্ষেত্রে দেখা গেছে প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া সত্ত্বেও পর্যাপ্ত তদারকির

অভাবে কাজ সম্পূর্ণ হয়নি। অন্যদিকে কিছু জায়গায় বিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে বারবার জানানো হলেও সংশ্লিষ্ট উচ্চ পর্যায়ের কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ নেয়নি বা অবহেলা করেছে।

সবশেষে, অনেক স্থানে নতুন ভবন অনুমোদনের অপেক্ষা, বরাদ্দ প্রক্রিয়া চলমান, বা বিষয়টি পরিকল্পনার মধ্যে রয়েছে এমন আশ্বাস পাওয়া গেলেও বাস্তবায়ন হয়নি। এতে স্পষ্ট বোঝা যায়, এ সমস্যা সমাধানে শুধু অর্থ বরাদ্দ নয়, বরং নকশাগত পরিকল্পনা, প্রশাসনিক সদিচ্ছা, এবং সমন্বিত তদারকি ব্যবস্থার ঘাটতিই মূল বাধা।

## ৫.৪ পরিচ্ছন্নতার ঘাটতি

মোট ৮৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতার অভাবকে একটি সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ৭২.৩ শতাংশ বিদ্যালয়ের ক্ষেত্রে পরিচ্ছন্নতাকর্মী না থাকাকে কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এছাড়া ৬০.৭ শতাংশ বিদ্যালয়ে সচেতনতার অভাব রয়েছে বলে চিহ্নিত হয়েছে, অর্থাৎ শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের মধ্যে স্বাস্থ্যবিধি ও পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় সচেতনতা গড়ে ওঠেনি। এর পাশাপাশি, তদারকির অভাব (৫৮.৪ শতাংশ) ও প্রয়োজনীয় সরঞ্জামের ঘাটতি (৩৪.৮ শতাংশ) কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ঝাড়ু, বালতি, পানি, জীবাণুনাশক ইত্যাদির অভাব দেখা গেছে এসব বিদ্যালয়ে।

**চিত্র ৮: পরিচ্ছন্নতার ঘাটতির পেছনে চিহ্নিত কারণ**




স্থায়ী পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের বিধান না থাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো দীর্ঘদিন ধরে পরিচ্ছন্নতা কর্মী সংকটে ভুগছে। বরাদ্দ ও নিয়োগের সীমাবদ্ধতার মধ্যে থেকেও বিভিন্ন বিদ্যালয় নিজেদের পরিবেশ পরিচ্ছন্ন রাখার জন্য বিভিন্ন কৌশল ও স্থানীয়ভাবে উদ্যোগ নিয়েছে, যা একটি গঠনমূলক এবং প্রশংসনীয় দৃষ্টান্ত। নিচে এসব উদ্যোগের বিবরণ দেওয়া হলো।

**শিক্ষক ও অভিভাবকের সম্মিলিত অর্থায়ন ও তদারকি:** অনেক বিদ্যালয়ে শিক্ষক, অভিভাবক, এসএমসি ও এসিজি'র সম্মিলিত উদ্যোগে স্থানীয়ভাবে অস্থায়ী পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ করা হয়েছে। কোথাও কোথাও শিক্ষকেরা নিজেদের অর্থ থেকে মাসে ১২০০ টাকা পর্যন্ত বেতন দিয়ে পরিচ্ছন্নতা কর্মী রাখছেন। নীলফামারীর একটি বিদ্যালয়ে সদর থেকে সুইপার এনে ওয়াশ ব্লক পরিষ্কার করানো হয়।

**ছাত্র-ছাত্রীদের সক্রিয় অংশগ্রহণ:** শিক্ষার্থীদের মাঝেও পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা গড়ে তুলতে একাধিক বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক দল গঠন করে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কোথাও কোথাও সপ্তাহে এক দিন করে "পরিষ্কার দিবস" পালন করা হয়।অনেক শিক্ষক নিয়মিত শিক্ষার্থীদের সঙ্গে একত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ করেন, ফলে এতে শিক্ষার্থীদের মধ্যে দায়িত্ববোধ ও অংশগ্রহণমূলক শিক্ষা তৈরি হয়।

**অস্থায়ী কর্মী নিয়োগের ভিন্ন উৎস:** কোনো কোনো বিদ্যালয় স্লিপ ফান্ড, পরীক্ষা ফি, কিংবা স্থানীয় দাতাদের অনুদান ব্যবহার করে খণ্ডকালীন কর্মী নিয়োগ করেছেন। কেউ কেউ উল্লেখ করেছেন যে অভিভাবকদের কাছ থেকে ১০ টাকা করে সংগ্রহ করে মাসিক ভাতা প্রদান করা হয় পরিচ্ছন্নতাকর্মীকে। ফরিদপুরের একটি বিদ্যালয় উল্লেখ করেছে যে প্রথমদিকে শিক্ষকরা নিজেরা চাঁদা তুলে অস্থায়ীভাবে পরিচ্ছন্নতা কর্মী রাখলেও পরবর্তীতে পৌরসভা থেকে মাসে ১০০০ টাকা পরিচ্ছন্নতা কর্মীর জন্য বরাদ্দ দেওয়া হয়।

**নৈশ প্রহরী ও দপ্তরীর বহুমুখী ব্যবহার:** অনেক বিদ্যালয়ে নৈশ প্রহরী কিংবা দপ্তরী-কাম-প্রহরীকেই পরিচ্ছন্নতার দায়িত্বে নিয়োজিত করা হয়েছে। কিছু ক্ষেত্রে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক তাদের সহযোগিতায় পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখছেন। শিক্ষকদের ব্যক্তিগত তত্ত্বাবধানে কেউ কেউ বিদ্যালয়ের পুরাতন দপ্তরী বা প্রকল্প স্টাফদের মাধ্যমে ওয়াশ ব্লক ও ক্লাসরুম নিয়মিত পরিষ্কার রাখছেন।

**কমিউনিটি ও সামাজিক অংশগ্রহণ:** একাধিক বিদ্যালয়ে সামাজিক ও কমিউনিটি নেতৃত্বে পরিচ্ছন্নতার কাজ সম্পন্ন হচ্ছে। অনেক সময় স্থানীয়ভাবে কোনো ভলান্টিয়ার বা আয়া নিয়োগ দেওয়া হয়েছে, যার খরচ শিক্ষকরা নিজ উদ্যোগে বহন করছেন। কিছু ক্ষেত্রে সুপারিশের ভিত্তিতে বিদ্যালয়ে অফিস সহকারীকে পরিচ্ছন্নতার দায়িত্ব দেওয়া হয়েছে।

পরিচ্ছন্নতা কর্মী না থাকা সত্ত্বেও শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং স্থানীয় জনগণের সচেতনতা, উদ্যোগ ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একটি শিক্ষাপ্রতিষ্ঠান কীভাবে পরিচ্ছন্ন রাখা সম্ভব তা প্রমাণ করেছে। যদিও এটি একটি তাৎক্ষণিক সমাধান, তবে দীর্ঘমেয়াদে টেকসই সমাধানের জন্য সরকারি নিয়োগ, বরাদ্দ ও নীতিগত নির্দেশনা অপরিহার্য।

## ৫.৫ শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি

১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬৮টি বিদ্যালয় শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতিকে একটি গুরুতর সমস্যা হিসেবে চিহ্নিত করেছে। কয়েকটি বিদ্যালয় থেকে প্রাপ্ত তথ্যমতে প্রতি বছর গড়ে ৫-৭ জন শিক্ষার্থী ঝরে পড়ে এবং সময়কাল ভেদে শিক্ষার্থী অনুপস্থিতির হার ১৫%-২৫% পর্যন্ত পৌঁছে। এই ৬৮টি বিদ্যালয়ের তথ্য বিশ্লেষণে দেখা যায় শিক্ষার্থীদের বিদ্যালয়ে অনিয়মিত হওয়ার পেছনে একাধিক সামাজিক, অর্থনৈতিক এবং পারিবারিক কারণ বিদ্যমান।

**চিত্র ৯: শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির পেছনে চিহ্নিত কারণ**




শিক্ষার্থী অনুপস্থিতির সর্বাধিক উল্লেখযোগ্য কারণ অভিভাবকদের সচেতনতার ঘাটতি, যা দেখা গেছে ৬২টি বিদ্যালয়ে (৯০.৫%)। অনেক অভিভাবকই সন্তানের শিক্ষার গুরুত্ব যথাযথভাবে উপলব্ধি করেন না। বিদ্যালয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগের অভাব এবং অনুপস্থিতিকে গুরুত্ব না দেওয়ার কারণে শিক্ষার্থীর উপস্থিতি কমে যাওয়ার প্রবণতা দেখা দিচ্ছে। উদাহরণস্বরূপ, একটি বিদ্যালয়ের উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থীর অভিভাবক ঢাকায় গার্মেন্টসে কর্মরত থাকায় শিক্ষার্থীরা মাঝেমাঝে দীর্ঘ সময়ের জন্য সেখানে অবস্থান করে। এর ফলে বিদ্যালয়ে তাদের অনুপস্থিতির হার বেড়ে যায়।

এরপরের কারণ হিসেবে উঠে এসেছে অনিয়মিত হোম ভিজিট (৪২টি বিদ্যালয় বা ৬২%)। এই ঘাটতির ফলে শিক্ষার্থী ও পরিবারের সমস্যাগুলো মনিটরিং এবং প্রয়োজনীয় হস্তক্ষেপ সময়মতো করা সম্ভব হয় না। অনেক শিক্ষক স্বতঃস্ফূর্তভাবে হোম ভিজিট করেন না এবং অনুপস্থিত শিক্ষার্থীর পরিবারকে খোঁজ নেন না। ফলে অনুপস্থিতির প্রবণতা বাড়ে। শিক্ষক কর্তৃক অনিয়মিত হাজিরা লেখা এবং পর্যাপ্ত তদারকি না থাকাও এ প্রবণতার একটি বড় কারণ। "শিক্ষার্থী অনুপস্থিত থাকলেও হাজিরা খাতায় উপস্থিত দেখানো হয়"- এমন মন্তব্য পাওয়া গেছে বিভিন্ন বিদ্যালয়ে।

অর্থনৈতিক অসচ্ছলতাও একটি বড় কারণ - ৩৫টি বিদ্যালয়ের (৫০.৮%) ক্ষেত্রে এটি চিহ্নিত হয়েছে। অনেক পরিবার শিশুর শিক্ষা খরচ বহন করতে অপারগ, ফলে শিশুদের কাজে পাঠানো হয় অথবা পড়াশোনার প্রয়োজনীয় সামগ্রী না থাকায় তারা নিয়মিত উপস্থিত থাকে না। এছাড়াও, শিশুশ্রম (১৭.৫%), মৌসুমি কারণে বিদ্যালয় ত্যাগ (১৪.৩%), এবং ভৌগোলিক চ্যালেঞ্জ (৪.৮%) অনিয়মিত উপস্থিতির অন্যান্য কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। পরিবারের অতিরিক্ত আয়ের প্রয়োজন, কৃষিকাজ, গার্মেন্টসে চাকরি, কিংবা মৌসুমি কাজে অংশগ্রহণ শিশুকে বিদ্যালয় থেকে দূরে রাখে। যেমন হাওর, চরাঞ্চল ও সীমান্তবর্তী অঞ্চলে ধান কাটা, রবি শস্যের সংগ্রহ ইত্যাদির সময় শিক্ষার্থীদের অনুপস্থিতি বেশি দেখা যায়। এছাড়াও বিশেষ করে নদী বা পাহাড়ি এলাকায় অবস্থিত বিদ্যালয়গুলোতে শারীরিকভাবে বিদ্যালয়ে পৌঁছানো অনেক সময় শিক্ষার্থীদের পক্ষে কষ্টকর হয়ে পড়ে। সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জের হাওর অঞ্চল বা বর্ষাকবলিত এলাকায় রাস্তার সমস্যা, নৌযান সংকট বা অতিবৃষ্টি শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতিতে বাধা দেয়। "গড়ে প্রতিদিন ১৪ জন শিশু বর্ষাকালে অনুপস্থিত" বা "হাওরের ভেতরের গ্রামের প্রতি ক্লাসে গড়ে ১৮ জন অনুপস্থিত" - এই তথ্যগুলো বাস্তব সমস্যার গভীরতা তুলে ধরে। কিছু এলাকায় দেখা যায়, শিক্ষার্থীরা টিফিনে বাড়ি গিয়ে আর বিদ্যালয়ে ফিরে আসে না। এর পেছনে রয়েছে অভিভাবকদের দায়িত্বহীনতা, বিদ্যালয়ে দুপুরের পর কার্যকর ক্লাস না থাকা, এবং শিশুর ক্লান্তি বা আগ্রহের অভাব।

এছাড়া অনেক এলাকায় স্থানীয় ধর্মীয় নেতৃবৃন্দের প্রভাব ও অভিভাবকদের ধর্মীয় অনুরাগের কারণে ধর্মীয় শিক্ষা ব্যবস্থার প্রতি আগ্রহ ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। এর ফলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ধরে রাখা দিন দিন চ্যালেঞ্জ হয়ে উঠছে। উদাহরণস্বরূপ, ময়মনসিংহের মুক্তাগাছায় সম্প্রতি বিদ্যালয়গুলোর আশপাশে উল্লেখযোগ্য সংখ্যক মাদ্রাসা গড়ে উঠেছে। এসব মাদ্রাসার পাঠদানের সময়সূচি সাধারণ বিদ্যালয়ের সময়ের সঙ্গে সাংঘর্ষিক হওয়ায় অভিভাবকদের একটি বড় অংশ তাদের সন্তানদের মাদ্রাসামুখী করছেন, বিশেষত প্রাক-প্রাথমিক ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে এই প্রবণতা আরও বেশি পরিলক্ষিত হচ্ছে। অনেক ক্ষেত্রে মেয়েদের জন্য নিরাপদ, পৃথক বা "মর‍্যালি উপযুক্ত" পরিবেশের নিশ্চয়তার অভাবে অভিভাবকরা মাদ্রাসাকে বেশি বিশ্বাসযোগ্য মনে করেন। বিশেষ করে যেখানে বিদ্যালয়ে শৌচাগার, পর্যাপ্ত নজরদারি বা নিরাপদ যাতায়াত নেই।[৮]

## ৫.৫.১ শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা রোধে স্থানীয় পর্যায়ে গৃহীত উদ্যোগ

ইতিমধ্যে দেখেছি যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি দীর্ঘদিন ধরে একটি গুরুতর সমস্যা হিসেবে চিহ্নিত হয়ে আসছিল। তবে সনাক ও এসিজি এর যৌথ অ্যাডভোকেসি ও কার্যক্রমের ফলে প্রায় ১৬টি বিদ্যালয়ে এ সমস্যা অনেকাংশে নিরসন হয়েছে। একাধিক বিদ্যালয়ে শিক্ষকদের গৃহীত উদ্যোগ যেমন: বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার্থীদের খোঁজ নেয়া, নিয়মিত মা সমাবেশ/অভিভাবক সমাবেশ আয়োজন, শিক্ষকদের আন্তরিক মনিটরিং এবং কাউন্সেলিং-এর কারণে শিক্ষার্থীদের উপস্থিতির হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

বিদ্যালয় ব্যাবস্থাপনা কমিটির প্রতিনিধি ও বিদ্যালয় কর্তৃপক্ষ নিয়মিতভাবে কমিউনিটি অ্যাকশন মিটিংয়ে অংশগ্রহণ করে অভিভাবকদের সঙ্গে ব্যক্তিগতভাবে মোটিভেশনাল আলোচনা করেছেন। এমনকি অনেক ক্ষেত্রে নির্দিষ্ট শিক্ষার্থীর অভিভাবককে আলাদাভাবে কাউন্সেলিং করা হয়েছে, যাতে তার সন্তান নিয়মিত স্কুলে আসে। বিশেষভাবে উল্লেখযোগ্য, বরিশালের একটি বিদ্যালয়ে সনাকের অ্যাডভোকেসি সভার সিদ্ধান্তের আলোকে শিক্ষকরা নিয়মিত হোম ভিজিট শুরু করেন। এর ফলে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাসিক উপস্থিতির হার ৭৫% থেকে বেড়ে ৯২%-এ উন্নীত হয়।

অন্যদিকে, ফরিদপুরের একটি বিদ্যালয়ে নিয়মিত মা সমাবেশের মাধ্যমে মা-বাবাদের সচেতনতা বাড়ানো হয়, এবং শিক্ষার্থীদের টিফিন পিরিয়ডের পর বিদ্যালয়ে ফেরত আসার হার বাড়ে। অভিভাবক সচেতনতা বাড়ানো, শিক্ষকদের মনিটরিং এবং এসএমসি'র সক্রিয় অংশগ্রহণড়এই তিনটি প্রধান উপাদানের সমন্বয়ের ফলেই শিক্ষার্থী অনুপস্থিতির হার হ্রাস পেয়েছে। এছাড়া এসিজির পক্ষ থেকে সুপারিশ করার পর স্কুল কর্তৃপক্ষ যথাযথ ভূমিকা নেয় এবং মা সমাবেশের মাধ্যমে মায়েদের শিক্ষার গুরুত্ব বোঝাতে শুরু করে। এর মাধ্যমে অভিভাবকদের মধ্যে ইতিবাচক মনোভাব তৈরি হয় এবং শিক্ষার্থীদের উপস্থিতি বাড়ে।

## ৫.৬ অকার্যকর ব্যবস্থাপনা কমিটি

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (এসএমসি) কার্যকারিতা শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তবে মাঠপর্যায়ের বাস্তবতায় দেখা যাচ্ছে, অনেক বিদ্যালয়ে এই কমিটিগুলোর কার্যকারিতা প্রশ্নবিদ্ধ। পরিদর্শিত ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৭৯টি বিদ্যালয়ে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কার্যকর নয় বলে চিহ্নিত করা হয়েছে। উল্লেখযোগ্য যে, ২০২৪ সালে সরকার পরিবর্তনের পর সব ব্যবস্থাপনা কমিটি ভেঙে দিয়ে এডহক ভিত্তিতে নতুন কমিটি গঠন করা হয়েছে।

**চিত্র ১০: অকার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি: চিহ্নিত কারণসমূহের বিন্যাস**




[৮] UNESCO. (2022). *Global education monitoring report: Non-state actors in education*. United Nations Educational, Scientific and Cultural Organization. https://www.unesco.org/gem-report/en/2022-non-state-actors

ব্যবস্থাপনা কমিটি অকার্যকর হওয়ার সবচেয়ে উল্লেখযোগ্য কারণ হচ্ছে দায়িত্বে অবহেলা, যা ৫৭% বিদ্যালয়ে চিহ্নিত হয়েছে। বিভিন্ন কমিটির সদস্যরা পেশাগত বা ব্যক্তিগত ব্যস্ততার কারণে বিদ্যালয়ের কার্যক্রমে সময় দিতে পারেন না। এতে কমিটির অনীহা ও দায়সারা মনোভাব প্রতিফলিত হয়। এসব বিদ্যালয়ের এসএমসির সদস্যরা নিয়মিত সভায় উপস্থিত থাকেন না, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সক্রিয় ভূমিকা রাখেন না এবং প্রতিষ্ঠান পরিচালনায় তাদের উপস্থিতি অনেক ক্ষেত্রেই কেবল নামমাত্র। পরবর্তী গুরুত্বপূর্ণ কারণ হলো কর্তৃপক্ষের মনিটরিং-এর ঘাটতি, যা ৫৩% বিদ্যালয়ে চিহ্নিত হয়েছে। উপজেলা বা জেলা পর্যায়ের শিক্ষা প্রশাসন পর্যাপ্ত তদারকি না করায় কমিটির সদস্যরা দায়িত্ববোধ হারান এবং কার্যকর ব্যবস্থাপনার সংস্কৃতি গড়ে ওঠে না।

> "সভাপতি ডিগ্রি পাস প্রয়োজন হওয়ায়, এবং সংসদ সদস্যদের মনোনীত প্রতিনিধি থাকায় স্বেচ্ছাসেবী ও শিক্ষানুরাগী মনোভাবের ব্যক্তি পাওয়া যায় না। ফলে কমিটি ইফেক্টিভ হয় না।"
>
> *- এরিয়া কো-অর্ডিনেটর, ফরিদপুর*

এসএমসির সদস্য নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতার ঘাটতি চিহ্নিত হয়েছে ২৩% বিদ্যালয়ে। কমিটি গঠনের ক্ষেত্রে নিয়মনীতি উপেক্ষিত হয় এবং প্রকৃত প্রতিনিধি নির্বাচনের পরিবর্তে প্রভাবশালী মহলের পছন্দ অনুযায়ী সদস্য মনোনীত করা হয়, যা কমিটির গ্রহণযোগ্যতা ও দক্ষতা দুই-ই কমিয়ে দেয়। এছাড়া ১৬% বিদ্যালয়ে চিহ্নিত হয়েছে স্বজনপ্রীতি ও রাজনৈতিক প্রভাব। সদস্য মনোনয়নে রাজনৈতিক পক্ষপাত, আত্মীয়প্রীতি এবং স্থানীয় ক্ষমতাধরদের হস্তক্ষেপ একটি কার্যকর ও নিরপেক্ষ কমিটি গঠনে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে।

### ৫.৬.১ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সক্রিয়তা বৃদ্ধির উদ্যোগ

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কার্যকর করতে এসিজি এবং সনাকের পক্ষ থেকে অ্যাডভোকেসি কার্যক্রম, কমিউনিটি মনিটরিং ও ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে। গত দুই বছরে বিভিন্ন সময়ে প্রায় ২০টি বিদ্যালয়ে এ সমস্যা অনেকাংশে উত্তরণ সম্ভব হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্তৃপক্ষের সাথে পরামর্শ করে কিছু বিদ্যালয়ে নতুন করে কমিটি গঠন করা হয়, কোথাও বিদ্যমান কমিটির সদস্যদের সচেতন করা হয়। ফলস্বরূপ এখন অধিকাংশ বিদ্যালয়ে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সভা করছে, সদস্যরা বিদ্যালয় ভিজিট করছেন, অভিযোগ রেজিস্টারে অন্তর্ভুক্ত করে তা সভায় আলোচিত হচ্ছে এবং গৃহীত সিদ্ধান্ত নোটিশ বোর্ড ও অভিযোগকারীদের অবহিত করা হচ্ছে। বেশ কয়েকটি বিদ্যালয়ে কমিটি পূর্বে সম্পূর্ণ নিষ্ক্রিয় থাকলেও এখন সক্রিয়ভাবে দায়িত্ব পালন করছে। কেউ কেউ লিখিত ও মৌখিকভাবে সভা পরিচালনার অগ্রগতি নিশ্চিত করেছে, কেউ কেউ বিদ্যালয়ের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষায় কার্যকর অংশগ্রহণ শুরু করেছে।

## ৫.৭ অনিয়ম ও দুর্নীতি

বাংলাদেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় সরকার নিরবচ্ছিন্নভাবে উন্নয়নের উদ্যোগ নিলেও মাঠ পর্যায়ে এখনো কিছু বিদ্যালয়ে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে। কমিউনিটি মনিটরিংয়ের আওতাভুক্ত ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয়ে অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে। এসব অনিয়মের মধ্যে সরকারি অনুদান, স্লিপ (SLIP) ফান্ডের ব্যয়, সনদ প্রদানে অর্থ গ্রহণ, সাংস্কৃতিক চাঁদা আদায় ইত্যাদি উল্লেখযোগ্য। নিম্নে কিছু অনিয়মের ধরন উল্লেখ করা হল:

**সনদ প্রদানে অর্থ আদায়:** প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে বিশেষ করে পঞ্চম শ্রেণির সনদপত্র, প্রশংসাপত্র, ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের জন্য অতিরিক্ত অর্থ আদায় একটি গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। অনেক ক্ষেত্রে এসব খাতে ৫০ থেকে ২০০ টাকা পর্যন্ত আদায় করা হয়। একটি বিদ্যালয়ে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের সনদ প্রদানকালে শিক্ষার্থীদের কাছ থেকে টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। অন্য একটি বিদ্যালয়ে সনদ সংগ্রহের সময় প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ১০০ টাকা করে আদায় করা হয়েছে বলে অভিযোগ রয়েছে।

**সাংস্কৃতিক কার্যক্রমে বাধ্যতামূলক চাঁদা আদায়:** একটি বিদ্যালয়ের ক্ষেত্রে সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য ছাত্রছাত্রীদের কাছ থেকে জোরপূর্বক চাঁদা আদায়ের অভিযোগ রয়েছে।

**স্লিপ ফান্ড ও অনুদানের অপব্যবহার:** স্লিপ ফান্ডের টাকা ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতার অভাব রয়েছে বলে চিহ্নিত হয়েছে। কয়েকটি বিদ্যালয়ের ক্ষেত্রে স্লিপ ফান্ডের টাকা ব্যয়ের ক্ষেত্রে এসএমসি সদস্য সম্পৃক্ত রাখা হয়নি এবং ব্যয়ের কোনো তালিকা বা নির্ভরযোগ্য দলিল পাওয়া যায়নি। এছাড়া অনুদানের টাকা যথাযথ পদ্ধতিতে খরচ না করে অপব্যবহারের অভিযোগ রয়েছে।

### ৫.৭.১ শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়: সমাধানের দৃষ্টান্ত

চারটি বিদ্যালয়ে পূর্বে এই ধরনের অনিয়ম পরিলক্ষিত হলেও পরবর্তীতে সমস্যাগুলো সফলভাবে সমাধান করা হয়েছে। কমিউনিটি অ্যাকশন সভা ও মনিটরিংয়ের মাধ্যমে এই অনিয়মগুলো চিহ্নিত করা হয়েছে এবং অ্যাডভোকেসির মাধ্যমে বিদ্যালয় কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে। এসব উদ্যোগের ফলস্বরূপ এসব বিদ্যালয়ে এখন আর কোনো অতিরিক্ত ফি নেওয়া হচ্ছে না। বিশেষ করে প্রশংসাপত্র এখন বিনামূল্যে প্রদান করা হচ্ছে এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোনো অর্থ আদায় করা হচ্ছে না। কিছু বিদ্যালয়ে সুপারিশের ভিত্তিতে অভিভাবক ও বিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে আলোচনার মাধ্যমে স্বচ্ছতা নিশ্চিত করা

হয়েছে এবং সুনির্দিষ্ট নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই ধরনের অ্যাডভোকেসি কার্যক্রমের ফলে অনিয়ম কমে এসেছে এবং বিদ্যালয় ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধি পেয়েছে।

## ৫.৮ অকার্যকর অভিযোগ প্রতিকার ব্যবস্থা

কমিউনিটি মনিটরিংয়ের আওতাভুক্ত ৪৮টি বিদ্যালয়ে অকার্যকর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে যার মধ্যে ১৫টি বিদ্যালয়ে সমস্যাটি সামধান হয়েছে।

### ৫.৮.১ অভিযোগ ব্যবস্থাপনায় কার্যকর উদ্যোগ

সনাক এবং এসিজির সুপারিশ ও অ্যাডভোকেসির ফলে অনেক বিদ্যালয়ে অভিযোগ বা পরামর্শ বাক্স স্থাপন করা হয়েছে। পাশাপাশি এসব অভিযোগ নিয়মিতভাবে রেজিস্টারে নথিভুক্ত করা, প্রধান শিক্ষক বা মনোনীত কর্মকর্তার মাধ্যমে অভিযোগ গ্রহণ, এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভায় সেগুলো আলোচনার মাধ্যমে সমাধানের উদ্যোগ নেওয়ার কার্যক্রম চালু হয়েছে। উদাহরণস্বরূপ, একাধিক বিদ্যালয়ে কর্তৃপক্ষ অভিযোগ বাক্স স্থাপন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম উল্লেখসহ বোর্ড ঝুলিয়েছে, এবং অভিযোগ আসলে তা দ্রুত রেজিস্টারে লিপিবদ্ধ করে যথাযথ সমাধান প্রদান করছে। কিছু ক্ষেত্রে অভিযোগের সমাধানের পর তা নোটিশ বোর্ডে প্রকাশ ও অভিযোগকারীকে জানিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, যা স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

### ৫.৮.২ অভিযোগ ব্যবস্থার অকার্যকারিতার পেছনের অন্তরায়

বিদ্যালয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থার অনুপস্থিতি বা অকার্যকারিতার প্রধান কারণগুলোর মধ্যে কার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির অভাব, প্রধান শিক্ষকের পদ শূন্য থাকা, উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের নিয়মিত মনিটরিংয়ের অভাব, এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদিচ্ছার ঘাটতি উল্লেখযোগ্য। অনেক বিদ্যালয়ে অভিযোগ বাক্স একসময় স্থাপন করা হলেও তা নষ্ট হয়ে গেছে বা দৃশ্যমান স্থানে রাখা হয়নি, যার ফলে শিক্ষার্থী, অভিভাবক কিংবা কমিউনিটির কেউই সহজে অভিযোগ জমা দিতে পারছেন না।

অনেক ক্ষেত্রে স্থানীয় বা উচ্চ পর্যায়ের শিক্ষা কর্তৃপক্ষ থেকে সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় স্কুল কর্তৃপক্ষ অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে উদাসীনতা দেখায়। এমনকি কিছু বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে দীর্ঘদিন নিয়োগ না থাকায় উদ্যোগ গ্রহণই সম্ভব হয়নি। স্থানীয়ভাবে সচেতন নাগরিকদের সুপারিশ সত্ত্বেও কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ না করার প্রবণতা এ সমস্যাটিকে আরও দীর্ঘস্থায়ী করে তুলেছে। উপরন্তু, মনিটরিং এবং ফলোআপ কার্যক্রম দুর্বল হওয়ায় সমস্যাগুলো বারবার চিহ্নিত হলেও বাস্তব সমাধানে রূপ নেয়নি।

## ষষ্ঠ অধ্যায়

# উপসংহার ও সুপারিশ

## ৬.১ উপসংহার

কমিউনিটি মনিটরিংয়ের অন্তর্ভুক্ত ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চিহ্নিত সমস্যাগুলোর মধ্যে পরিচ্ছন্নতার ঘাটতি, অপর্যাপ্ত অবকাঠামো, অকার্যকর বিদ্যালয় পরিচালনা কমিটি, শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি, ঝুঁকিপূর্ণ ভবনের উপস্থিতি, প্রতিবন্ধিবান্ধব সুযোগ-সুবিধার অভাব উল্লেখযোগ্য। একদিকে শ্রেণিকক্ষের স্বল্পতা, সুপেয় পানির ব্যাবস্থা না থাকা, ওয়াশ ব্লকের অনুপস্থিতি, নারী শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য পৃথক শৌচাগার না থাকা ইত্যাদি অবকাঠামোগত ও মৌলিক সুযোগ-সুবিধার ঘাটতি নির্দেশ করে, অন্যদিকে ঝুঁকিপূর্ণ ভবনে বা শ্রেণিকক্ষে পাঠদান, ভবনের পাশে বিপজ্জনক ডোবা বা গর্ত থাকা, মূল সড়ক সংলগ্ন বিদ্যালয়ে সীমানা প্রাচীর না থাকা শিক্ষার্থীদের জন্য ঝুঁকি সৃষ্টি করছে। এছাড়া অধিকাংশ বিদ্যালয়েই প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো যেমন র‍্যাম্প বা প্রতিবন্ধিবান্ধব শৌচাগার নেই। কমিউনিটি মনিটরিংয়ের আওতায় অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলোর মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক বিদ্যালয়ে পরিছন্নতার ঘাটতি সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। এর প্রধান কারণ প্রাথমিক বিদ্যালয়ে  স্থায়ীভাবে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের কোনো বিধান না থাকা। পাশাপাশি পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় উপকরণেরও ঘাটতি রয়েছে। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি অকার্যকর হওয়ার প্রধান কারণ হচ্ছে দায়িত্বে অবহেলা। এছাড়াও স্থানীয় কর্তৃপক্ষের পর্যাপ্ত তদারকি না থাকাও অন্যতম কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। কার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি না থাকায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাও অনেকাংশে অকার্যকর হয়ে থাকে। অন্যদিকে উল্লেখযোগ্য সংখ্যক বিদ্যালয়ে শুন্যপদের শিক্ষক নিয়োগ বিলম্বিত হওয়ায় , শিক্ষকদের দীর্ঘমেয়াদি ছুটির (যেমন মাতৃত্বকালীন ছুটি, বিদেশ যাত্রা, প্রশিক্ষণে অংশগ্রহণ ইত্যাদি) সময়ে পর্যাপ্ত বিকল্প শিক্ষকের অভাবে পাঠদান ব্যাহত হচ্ছে। এছাড়াও কিছু বিদ্যালয়ে দুর্নীতি এবং অব্যবস্থাপনার বিষয়টিও কমিউনিটি মনিটরিংয়ে উঠে এসেছে।

নিয়মিত কমিউনিটি অ্যাকশন মিটিং, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, এসিজি ও অভিভাবকদের উদ্যোগ এবং শিক্ষা প্রশাসনের সঙ্গে ধারাবাহিক অধিপরামর্শ নির্দিষ্ট কিছু সমস্যার সমাধানে কার্যকর ভূমিকা পালন করেছে। বিশেষত পরিচ্ছন্নতা বজায় রাখা, শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধিতে হোম ভিজিট ও মা সমাবেশ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং ব্যবস্থাপনা কমিটির কার্যকারিতা বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি লক্ষ করা গেছে। এসব ক্ষেত্রে সমস্যাগুলোর ধারাবাহিক পর্যবেক্ষণ এবং স্বচ্ছ তথ্য উপস্থাপন স্থানীয় কর্তৃপক্ষ ও অংশীজনদের যথাযথ সাড়া দিতে সহায়ক ভূমিকা পালন করেছে।

তবে এমন অনেক সমস্যা রয়েছে যেগুলোর সমাধান স্থানীয়ভাবে সম্ভব হলেও এখনও অগ্রগতি হয়নি। এর  কারণগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো প্রশাসনিক সমন্বয়হীনতা, বাজেট বরাদ্দের ঘাটতি, দায়িত্বপ্রাপ্তদের গাফিলতি, এবং মনিটরিং ব্যবস্থার দুর্বলতা। যেমন, পরিচ্ছন্নতা কর্মী নিয়োগসহ কিছু সংস্কার কাজ স্থানীয়ভাবে সমাধানযোগ্য হলেও দীর্ঘসূত্রিতা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদাসীনতায় তা বাস্তবায়ন হয়নি। অপরদিকে, ঝুঁকিপূর্ণ ভবন অপসারণ, জমি-সংক্রান্ত জটিলতা নিরসন, প্রতিবন্ধিবান্ধব নকশা অনুমোদন, এবং পর্যাপ্ত শিক্ষক নিয়োগের মতো বিষয়গুলো স্থানীয় পর্যায়ের এখতিয়ারের বাইরে থাকায় কেন্দ্রীয় শিক্ষা প্রশাসনের সক্রিয়তা ও বাজেট সহায়তা  প্রয়োজন।

এই প্রতিবেদন থেকে দেখা যায়, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে এখনও বহুমাত্রিক সুশাসনজনিত সমস্যা বিদ্যমান, যেমন অবকাঠামোর অভাব, দুর্বল ব্যবস্থাপনা, অনিয়ম ও দুর্নীতি। তবে একইসঙ্গে স্থানীয় পর্যায়ে সক্রিয় নাগরিক অংশগ্রহণ, তথ্যভিত্তিক মনিটরিং এবং অ্যাডভোকেসির মাধ্যমে এসব সমস্যার সমাধানও সম্ভব-এমন সুস্পষ্ট প্রমাণ পাওয়া গেছে। তবে এই ধরনের অংশগ্রহণমূলক ও প্রমাণভিত্তিক কার্যক্রম শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা, জবাবদিহি ও কার্যকর সেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ভবিষ্যতে আরও বিস্তৃতভিত্তিক মনিটরিং ও নীতিনির্ধারণ পর্যায়ে তথ্য সরবরাহের মাধ্যমে একটি সুশাসনভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই প্রাথমিক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা সম্ভব।

## ৬.২ সুপারিশমালা

### ৬.২.১ *গ্রেড নির্ধারণ*

১. বিদ্যালয়ের গ্রেড যথাযথভাবে নির্ধারণ করতে হবে। এজন্য 'বিদ্যালয় মূল্যায়ন নির্দেশক' পর্যালোচনা করে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণের মাধ্যমে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজনের মাধ্যমে সংশোধন করতে হবে। গুরুত্ব অনুযায়ী বিভিন্ন নির্দেশক, যেমন অবকাঠামো সংশ্লিষ্ট সকল নির্দেশক, আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, শিক্ষকদের শৃঙ্খলা ও সময়ানুবর্তিতা, হোমভিজিট ইত্যাদি নির্দেশকে অধিকতর ভর এবং উচ্চতর গ্রেড অর্জনে এসব নির্দেশকের ক্ষেত্রে ন্যূনতম সীমা নির্ধারণ করতে হবে।

### ৬.২.২ অবকাঠামোগত সুযোগ-সুবিধা

২. ২২টি বিদ্যালয়ে জরুরি ভিত্তিতে সুপেয় পানির ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট ২)।
৩. ৬১টি বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও ভবন সংক্রান্ত ঝুঁকি চিহ্নিত করে সেগুলোতে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কারের উদ্যোগ গ্রহণ করতে হবে (পরিশিষ্ট ৩ক ও পরিশিষ্ট ৩খ)।
৪. ৪৯টি বিদ্যালয়ে কমপক্ষে দুইটি করে ওয়াশব্লক নির্মাণ করতে হবে (পরিশিষ্ট ৪) ।
৫. ৩৯টি বিদ্যালয়ে নারী শিক্ষক ও ২২টি বিদ্যালয়ে মেয়ে শিক্ষার্থীদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট ৫ এবং ৬)।
৬. ৭১টি বিদ্যালয়ের সব ভবনে র‍্যাম্প এবং ৯৫টি বিদ্যালয়ে প্রতিবন্ধিবান্ধব শৌচাগারের ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট ৭-৮)।
৭. ৬৬টি বিদ্যালয়ে প্রতিটি শ্রেণিকক্ষে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৩০ বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রেণিকক্ষের ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট ৯)।
৮. ১০৯টি বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে (পরিশিষ্ট ১০)।

### ৬.২.৩ শিক্ষক সংকট নিরসন

৯. প্রতিটি বিদ্যালয়ে ন্যূনতম ছয়জন (৬) শিক্ষক নিশ্চিত করতে হবে (পরিশিষ্ট ১১)।
১০. ২৯টি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৩০ বজায় রাখার জন্য অনুমোদিত পদের সংখ্যা পুনঃনির্ধারণ করতে হবে (পরিশিষ্ট ১২)।
১১. যেসব বিদ্যালয়ে অতিরিক্ত শিক্ষক আছে সেখান থেকে শিক্ষক সংকটে থাকা বিদ্যালয়ে পদায়ন করতে হবে।
১২. ৩৫টি বিদ্যালয়ে শূন্য পদে শিক্ষক নিয়োগ করতে হবে (পরিশিষ্ট ১৩)।

### ৬.২.৪ শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা রোধ

১৩. শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ নিশ্চিত করতে শিক্ষকদের 'হোম ভিজিট' কার্যক্রম নিয়মিত ও জোরদার করতে হবে।
১৪. প্রত্যেক বিদ্যালয়ে 'মিড-ডে মিল' এবং দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ প্রণোদনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৫. নিয়মিতভাবে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে।
১৬. শিক্ষার্থীদের অনুপস্থিতির কারণে তৈরি হওয়া শিখন ঘাটতি পূরণে 'মেক-আপ' ক্লাস নিশ্চিত করতে হবে।

### ৬.২.৫ পরিচ্ছন্নতার ঘাটতি নিরসন

১৭. সকল প্রাথমিক বিদ্যালয়ে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের বিধান করতে হবে এবং নিয়োগ দিতে হবে।
১৮. পরিচ্ছন্নতা বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।
১৯. সকল বিদ্যালয়ে পরিচ্ছন্নতার প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করতে হবে।

### ৬.২.৬ কার্যকর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি)

২০. দ্রুততম সময়ের মধ্যে প্রতিটি বিদ্যালয়ে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন করতে হবে।
২১. ব্যবস্থাপনা কমিটি কার্যকর করতে -
- রাজনীতির সাথে সম্পৃক্ত কোনো ব্যক্তিকে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে না।
- কমিটির সদস্য নিয়োগ ও অপসারণে স্বচ্ছতা নিশ্চিত সাপেক্ষে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- নিয়মিত সভা এবং সভায় সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

### ৬.২.৭ কর্তৃপক্ষের তদারকি

২২. অবকাঠামেগত সুযোগ-সুবিধা নিশ্চিত করা, শিক্ষক ও শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতির প্রবণতা রোধ করা, পরিচ্ছন্নতা উৎসাহিত করা, এসএমসি কার্যকর করা ইত্যাদির জন্য স্থানীয় পর্যায়ের কর্তৃপক্ষের তদারকি জোরদার করতে হবে।
২৩. বার্ষিক বাজেট এবং বিভিন্ন তহবিল/অনুদান থেকে ব্যয় এবং শিক্ষা কার্যক্রমে সংঘটিত অনিয়ম-দুর্নীতির অভিযোগসমূহ তদন্তসাপেক্ষে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে (পরিশিষ্ট ১৪)।
২৪. প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপন করতে হবে।
২৫. প্রতিটি বিদ্যালয়ে দৃশ্যমান স্থানে অভিযোগ/পরামর্শ বাক্স স্থাপন করতে হবে, এবং অভিযোগের সমাধান হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নিয়মিত তদারকি করতে হবে।

২৬. প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রবেশপথে বা প্রধান ভবনের সামনে দৃশ্যমান স্থানে মনিটরিং বোর্ড স্থাপন করতে হবে যেখানে বিদালয়ের স্লিপ ফান্ড, বার্ষিক বাজেট এবং অন্যান্য তহবিল/অনুদান ব্যয়সহ অন্যান্য প্রাসঙ্গিক ও হালনাগাদ তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

২৭. বিদ্যালয়ের কার্যক্রম ও শিক্ষাসেবা সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা, তথ্যের সহজলভ্যতা ও জবাবদিহি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে তথ্য অধিকার আইন সম্পর্কে প্রচারণা চালাতে হবে।

*********

## পরিশিষ্ট-১: মৌলিক অবকাঠামো/সুযোগ-সুবিধাহীন ‘এ’ গ্রেডের বিদ্যালয়ের কয়েকটি উদাহরণ

| বিদ্যালয় কোড | বিদ্যালয়ের নাম | বিভাগ | জেলা | উপজেলা | ঝুঁকিপূর্ণ ভবন | ব্যবহারযোগ্য পানির ব্যবস্থা নেই | সীমানা প্রাচীর নেই | পর্যাপ্ত বেঞ্চ-চেয়ার নেই | শৌচাগারপ্রতি শিক্ষার্থীর সংখ্যা | কম্পিউটার শিক্ষার জন্য পর্যাপ্ত উপকরণ নেই | খেলার উপযোগী মাঠ নেই | র‍্যাম্প নেই |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 171167 | মধ্য বরগুনা সরকারি প্রাথমিক বিদ্যালয় | বরিশাল | বরগুনা | বরগুনা সদর | ✔ | ✔ | ✔ | ✔ | ৭৯ | ✔ | ✔ | ✔ |
| 171149 | ঝিনাইবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | বরিশাল | বরগুনা | বরগুনা সদর | ✔ | | ✔ | ✔ | | ✔ | ✔ | ✔ |
| 122476 | মাছখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর | ✔ | ✔ | ✔ | ✔ | ৫৪ | ✔ | | |
| 124500 | রুপনারয়নকুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | ময়মনসিংহ | শেরপুর | নলিতাবাড়ী | ✔ | | ✔ | | | ✔ | | |
| 121552 | মাহিদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | যশোর | যশোর সদর | | | ✔ | ✔ | ৩৫৭ | | | |
| 121517 | পাঁচবাড়ীয়া বালিয়াডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | যশোর | যশোর সদর | | ✔ | ✔ | ✔ | ৬৪ | ✔ | ✔ | ✔ |
| 154004 | বারঘরিয়া নতুন বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় | রাজশাহী | চাঁপাইন বাবগঞ্জ | চাঁপাইন বাবগঞ্জ সদর | | | ✔ | ✔ | | ✔ | ✔ | ✔ |
| 117326 | ৪৫ নং ডাঁশমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় | রাজশাহী | রাজশাহী | বোয়ালিয়া | | | | ✔ | ৭২ | ✔ | | ✔ |
| 115175 | আটাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | রাজশাহী | বগুড়া | বগুড়া সদর | | | ✔ | | | | | ✔ |

## পরিশিষ্ট ২: সুপেয় পানির ব্যবস্থা নেই এমন বিদ্যালয়ের তালিকা

| ক্রমিক নং | বিদ্যালয় কোড | বিদ্যালয়ের নাম | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|---|---|
| ১ | 119461 | আজিজুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | কুষ্টিয়া | কুষ্টিয়া সদর |
| ২ | 121517 | পাঁচবাড়ীয়া বালিয়াডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | যশোর | যশোর সদর |
| ৩ | 122408 | কদমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর |
| ৪ | 122476 | মাছখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর |
| ৫ | 122415 | পার কুখরালী সরকারি প্রাথমিক বিদ্যালয় | খুলনা | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর |
| ৬ | 140858 | শাহ আজমত উল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | কক্সবাজার | চকরিয়া |
| ৭ | 168750 | পূর্ব কৈয়ারবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | কক্সবাজার | চকরিয়া |
| ৮ | 168743 | রিংভং দক্ষিণ পাহাড়পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | কক্সবাজার | চকরিয়া |
| ৯ | 168083 | আলহাজ্ব এম. নাজের সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | চট্টগ্রাম | পাঁচলাইশ |
| ১০ | 139566 | গৈড়লা সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | চট্টগ্রাম | পটিয়া |
| ১১ | 166983 | নিজা গাছতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | চাঁদপুর | চাঁদপুর সদর |
| ১২ | 167384 | সমসেরাবাদ পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয় | চট্টগ্রাম | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সদর |
| ১৩ | 171698 | বহালগাছিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | বরিশাল | পটুয়াখালী | পটুয়াখালী সদর |
| ১৪ | 170569 | মাটি ভাঙা সরকারি প্রাথমিক বিদ্যালয় | বরিশাল | পিরোজপুর | পিরোজপুর সদর |
| ১৫ | 143316 | বড়খলিশাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় | বরিশাল | পিরোজপুর | পিরোজপুর সদর |
